# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 11 ■ 14th March, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

কেরিয়ার ফেয়ার ২০২৬

১৩ ও ১৪ মার্চ, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

স্থানঃ রাগিনী ম্যারেজ হল, ভারত সাইনি রোড (সুকুমার উদ্যানের কাছে), বাঁকুড়া

বিনামূল্যে সুযোগ পেতে ফোন করুন : 6291684943


## শিল্প উন্নয়ন ব্যাঙ্কে ১,১০০ অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আই.ডি.বি.আই.) ব্যাঙ্ক লিমিটেড 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (JAM, Grade 'O')' পদে ১,১০০ জন ছেলেমেয়ে নিচ্ছে।

মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী ৫৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৩-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ৫ (ও.বি.সি. হলে ৮, তঃজাঃ হলে ১০) বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশনে থাকতে হবে। পারিশ্রমিক বছরে ৬.১৪ লাখ থেকে ৬.৫০ লাখ টাকা। শূন্যপদ : ১,১০০টি। এর মধ্যে কলকাতায় ৬০টি (জেনাঃ ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, অন্যান্য ১। গুয়াহাটি ৩৫টি, আহমেদাবাদ ৭০টি, বেঙ্গালউরু ৭৫টি, ভোপাল ৫৫টি,

☞ এরপর ২ পাতায়


ICE Academy

SSC, Rail, Bank কোর্স

WBCS 2025, WBPSC

SSC 2026 Online ব্যাচ

সেরা প্রশিক্ষকদের ক্লাস

বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে

9804412898

7044517509


## যুবসাথী প্রকল্পে ৯০ লাখ প্রার্থীর ভাতা দেওয়া শুরু

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : রাজ্যের প্রায় ৯০ লাখ বেকার ছেলেমেয়েকে 'যুবসাথী' প্রকল্পের ভাতা দেওয়া শুরু হয়েছে ৭ মার্চ থেকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবারের বাজেটে ঘোষণা করেছিলেন, বেকার ছেলেমেয়েদের স্বনির্ভর হতে ও চাকরির পরীক্ষার প্রশিক্ষণ নিতে ১ এপ্রিল থেকে 'যুবসাথী' প্রকল্পে মাসে ১,৫০০ টাকা করে মোট ৫ বছরের জন্য এই ভাতা দেওয়া হবে। ন্যূনতম যোগ্যতা ছিল মাধ্যমিক পাশ ও বয়স দরকার ছিল ২১ থেকে ৪০ বছরের মধ্যে। সেই মতো ১৫ ফেব্রুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যের বিভিন্ন ক্যাম্পে

☞ এরপর ২ পাতায়


Admission Open

Ph.D

Top Indian University থেকে পাশ করুন

- University & Supervisor Short Listing
- Research Proposal & SOP Support
- Entrance Exam & Interview preparation
- Fellowship & Funding assistance

Master Degree Holders Non-NET Candidates also guided

The Admission Guidance

Bally, Howrah : 9038011392


### কলকাতার ১৪৫টি আইটি কোম্পানিতে

## ৩৮,২১২ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

পল্লবী দেওয়ান, সল্টলেক : কলকাতার ১৪৫টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৭,০৭৭ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ২১,১৩৫ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার। যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের

☞ এরপর ৪ পাতায়

## কোল ফিল্ডে ৬৬৪ সার্ভেয়র

নিজস্ব সংবাদদাতা, সম্বলপুর : কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা মহানদী কোলফিল্ডস লিমিটেড 'জুনিয়র ওভারম্যান', 'মাইনিং সির্দার' ও 'সার্ভেয়র' পদে ৬৬৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**জুনিয়র ওভারম্যান :** মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা বৈধ গ্যাস টেস্টিং ও

☞ এরপর ২ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ৪৯৫ সায়েন্টিস্ট, অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : কেন্দ্রীয় সরকারের জনসংযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীন ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার 'সায়েন্টিস্ট -বি' ও 'সায়েন্টিফিক / টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট -এ' পদে ৪৯৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

সায়েন্টিফিক / টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট - A : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড

☞ এরপর ৩ পাতায়

### নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে

## ২৪৫ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, রাজস্থান : নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের রাওয়াতভাটা রাজস্থান সাইট 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৪৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

☞ এরপর ৫ পাতায়


ASTHA DIGITAL SERVICES

ISO 9001 2015

Certificate No 23042208358OQRA

সমগ্র পশ্চিমবঙ্গ জুড়ে বিভিন্ন স্কুল ভিত্তিক ও এরিয়া ভিত্তিক নিম্নলিখিত পদে কর্মী নিয়োগ করা হবে

| শূন্যপদ | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১) কম্পিউটার টিচার | ১৮ থেকে ৪০ বছর | উচ্চমাধ্যমিক পাশ এবং কম্পিউটারে ডিপ্লোমা বাধ্যতামূলক। |
| ২) অফিস অ্যাসিস্ট্যান্ট | | মাধ্যমিক পাশ। |

* শর্তাবলী প্রযোজ্য

আবেদন পদ্ধতি

আগ্রহী প্রার্থীদের ১১ই মার্চ থেকে ২০শে মার্চের মধ্যে এই www.asthadigitalservices.com ওয়েবসাইটে গিয়ে অনলাইনে আবেদন করতে হবে।

অফিসের ঠিকানা

জি.টি. রোড, বিরহাটা কালীতলা, পোঃ , বর্ধমান আর.এস. (সাউথ অফিস), থানা , বর্ধমান সদর, জেলা , পূর্ব বর্ধমান, পিন , ৭১৩১০১

Email Id- care@asthadigitalservices.com


## সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৭৫,৩২২ চাকরি

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

প্রমা দাস, কলকাতা : সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Ernst & Young' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে, সামনের ৯ মাসে (জানুয়ারি - সেপ্টেম্বর, ২০২৬) দেশের ৭,৩১২টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৭৫,৩২২ জন 'ডিজিটালি স্কিলড কর্মী'র নিয়োগ হবে— যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ।

☞ এরপর ৬ পাতায়

### পশ্চিমবঙ্গ WB JEE-2026 পরীক্ষার মাধ্যমে

## ইঞ্জিনিয়ারিং ও ফার্মাসির ডিগ্রি কোর্সে ভরতি

**পরীক্ষা ২৪ মে**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজ, সরকারি কলেজ, টেকনোলজিক্যাল কলেজ, শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, যাদবপুর বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয়, সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়, অ্যাডামাস বিশ্ববিদ্যালয়, নেওটিয়া বিশ্ববিদ্যালয়-সহ সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে 'ইঞ্জিনিয়ারিং (বি.ই.)', 'টেকনোলজি (বি.টেক.)', 'আর্কিটেকচার (বি.আর্ক)', 'মেরিন

☞ এরপর ১২ পাতায়

### উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## বাঁকুড়ায় ১৩ ও ১৪ মার্চ ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

নিজস্ব প্রতিনিধি, বাঁকুড়া : এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং,

☞ এরপর ২ পাতায়


অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন



LL.B (3yrs.) Direct Admission

LL.B (3rs.) যে কোনো বয়সে

যোগ্যতা : যে কোনো University-র Graduate (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%

LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)

AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়

ল' পয়েন্ট

১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে



9830132343 / 9836922534 / 6290760935


karmasangsthan.online

karmasangsthan.online



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

**স্কুল-কলেজ-শিক্ষা**

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
☐ R

**স্কুল-কলেজ-শিক্ষা**

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে BA, MA, BSc, MSc, LLB, BEd, MEd, MBA, Dip., B.Tech, M.Tech, Ph.D, MP, HS – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007
☐ S

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
☐ CM

**শিক্ষক-শিক্ষিকা**

For Pranabananda Vidyamandir BSS, Lumding, Assam. 1) PGTs: Physics & Chemistry (2 Nos. each) & Geography. Qualification: M.Sc., B.Ed., Pay Scale: 14000-49000 with Free Food & Accommodation (Only for Male Candidates). Mode of Interview: Online. The interested candidates must apply attaching all credentials within 12/03/2026 to pvmlmg1@gmail.com, Contact: 7002725299, 9435163869, 9854925441. www.pvmlumding.com
☐ SH

**কর্মখালি**

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক - স্নাতক, বেতন: 18,000/-–49,000/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : 9239104985
☐ SA(A)

**কর্মখালি**

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 8282090308
☐ SP

**কর্মখালি**

Hotel Mgmt. কোর্স ও চাকরী একসাথে করার সুবর্ণ সুযোগ MP/HS দের জন্য। VIHM: -9831132768
☐ SA

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344
☐ M

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆:7890135514

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

## বাঁকুড়ায় কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ.এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে **সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে।**

সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ১৩ ও ১৪ মার্চ, শুক্রবার ও শনিবার বাঁকুড়া জেলা শহরের সুকুমার উদ্যানের কাছে (ভারত সাইনি রোড) রাগিনী ম্যারেজ হল'এ এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন —এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

**১৩ ও ১৪ মার্চ বাঁকুড়ায় অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে :** (১) রাজীব গান্ধী কম্পিউটার ট্রেনি সেন্টার (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) জে.আই.এস গ্রুপ, (৪) চিৎকারা ইউনিভার্সিটি, (৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৬) ডলফিন স্কুল অফ হোটেল ম্যানেজমেন্ট, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) টেকনো স্পেশালিটি মিডিয়া (অ্যানিমেশন অ্যাকাডেমি), (৯) টি.আই.ই.এম হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড কলেজ, (১০) সিকম স্কিল ইউনিভার্সিটি, (১১) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) ড. বি.সি.রায় কলেজ, (১৩) বাঁকুড়া উন্নয়নী, (১৪) এম.সি.কে.ভি ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১৫) এনডেভর স্কুল অফ প্রফেশনাল এডুকেশন, (১৬) ক্যামেলিয়া গ্রুপ অফ কলেজ, (১৭) সিকম গ্রুপ অফ ইনস্টিটিউশন, (১৮) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, (১৯) সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি, (২০) এন.আই.এইচ.টি, (২১) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (২২) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (২৩) বি.এস.এইচ.এম, (২৪) আপগার্ড স্কুল অফ টেকনোলজি, (২৫) আই.কিউ সিটি নলেজ অ্যান্ড হেল্থ ক্যাম্পাস (দুর্গাপুর), (২৬) কলেজ ভাইভ।

## শিল্প উন্নয়ন ব্যাঙ্কে

১ পাতার পর

ভুবনেশ্বর ৫০টি, চণ্ডীগড় ৭০টি, চেন্নাই ৭০টি, দিল্লি ১৩০টি, হায়দরাবাদ ৬৫টি, কোচি ৫৫টি, লক্ষ্ণৌ ৮৫টি, মুম্বই ১৩০টি, নাগপুর ৫০টি, পটনা ৪৫টি, পুণে ৫৫টি।

এই পদের বিজ্ঞপ্তি নং : 7/2025-26.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ১২ এপ্রিল, কলকাতা, কল্যাণী, শিলিগুড়ি, হুগলি, দুর্গাপুর, আসানসোল, পটনায়। ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) লজিক্যাল রিজনিং, ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন -৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৪) জেনারেল /ইকনমি / ব্যাঙ্কিং.অ্যাওয়ারনেস /কম্পিউটার /আই.টি.- ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.idbibank.in অনলাইনে দরখাস্ত করার সময় একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি হাতে লিখে স্ক্যান করবেন — 'I, .....(Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## যুব সাথী প্রকল্পে

১ পাতার পর

অফলাইনে ও অনলাইনে দরখাস্ত নেওয়া হয়। প্রায় ৯০ লাখের বেশি ছেলেমেয়ে এই ভাতার জন্য দরখাস্ত করে। সবচেয়ে বেশি দরখাস্ত জমা পড়েছে দক্ষিণ ২৪ পরগনা জেলায় (৯ লাখ ৩৪ হাজার ২৮৫টি)। মুর্শিদাবাদ জেলায় ৭ লাখ ১৪ হাজার ১৩৩টি, উত্তর ২৪ পরগনা জেলায় ৭ লাখ ২০ হাজার ৭০টি।

৭ মার্চ ধর্না মঞ্চে বসেই মুখ্যমন্ত্রী ঘোষণা করেন, ১ এপ্রিল নয়, আজ থেকেই অর্থাৎ, ৭ মার্চ থেকে 'যুবসাথী' প্রকল্পের ভাতা দেওয়া শুরু হবে। মুখ্যমন্ত্রীর কথামতোই ওইদিনই কয়েক হাজার প্রার্থীর অ্যাকাউন্টে সরাসরি ১,৫০০ টাকা করে ঢোকে। এর মধ্যে বাকি প্রার্থীদের প্রায় সবাই টাকা পেয়ে গেছেন। যাঁরা এখনো টাকা পাননি, তাঁদের দরখাস্ত বাতিল হয়েছে কিনা তা জানতে পারবেন এই ওয়েবসাইটে গিয়ে : https://jubosathi.gov.in এই ওয়েবসাইটে গিয়ে Application Status-এ ক্লিক করে Application ID দিলেই জানতে পারবেন, আপনার দরখাস্তের কি পজিশন আছে।

মুখ্যমন্ত্রী জানান, বাংলায় বেকারত্বের হার ৪০% কমেছে। ৪০ লাখ ছেলেমেয়ের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তার মধ্যে ১০ লাখ ছেলেমেয়ে চাকরি পেয়েছেন। প্রায় ১০ হাজার ছেলেমেয়ে জুট শিল্পে প্রশিক্ষণ নিচ্ছেন, তাঁরাও চাকরি পেয়ে যাবেন। বাংলায় ৬টি অর্থনৈতিক করিডর তৈরি হচ্ছে। এছাড়াও শালবনিতে ১৬০০ মেগাওয়াটের ২টি বিদ্যুৎকেন্দ্র তৈরি হচ্ছে। প্রচুর ছেলেমেয়ের 'কর্মসংস্থান' হবে। এছাড়াও দেউচা পাঁচামি প্রকল্পে প্রায় ১ লাখ ছেলেমেয়ের 'কর্মসংস্থান' হয়েছে।

## কোল ফিল্ডে ৬৬৪ সার্ভেয়র

১ পাতার পর

ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে আর ডি.জি.এম.এস. থেকে ওভারম্যান্স কম্পিটেন্সি সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ ওভারম্যান, বৈধ গ্যাস টেস্টিং ও বৈধ ফার্স্ট এড সার্টিফিকেট থাকলেও যোগ্য। বেসিক মাইনে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ১৯২টি (জেনাঃ ৭৭, ও.বি.সি. ২২, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ৪৯, ই.ডব্লু.এস. ১৮)।

**মাইনিং সির্দার :** মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ মাইনিং সির্দারশিপ সার্টিফিকেট, বৈধ গ্যাস টেস্টিং ও বৈধ ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে যোগ্য। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস.'এর দেওয়া ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট আর বৈধ গ্যাস টেস্টিং ও ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। বেসিক মাইনে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ :৪৪৮টি (জেনাঃ ১৭৬, ই.ডব্লু.এস. ৪৩, ও.বি.সি. ৬৬, তঃজাঃ ৭৮, তঃউঃজাঃ ৯৬)।

**সার্ভেয়র টি অ্যান্ড এস গ্রেড-বি (মাইনিং) :** উচ্চমাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. অনুদানকৃত সার্ভেয়র সার্টিফিকেট অফ কম্পিটেন্সি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাইনিং অ্যান্ড মাইন সার্ভেয়িংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস.'এর দেওয়া সার্ভেয়র সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। মূল মাইনে মাসে ৫১,১০৩.১২ টাকা। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২৪)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৬-৪-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : MCL/HQ / Recruitment / Statutory/2026/120, Date 21-2-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে টেকনিক্যাল বিষয়ে ৮০ নম্বর আর জেনারেল অ্যাওয়ারনেস / অ্যাপ্টিটিউড বিষয়ে ২০ নম্বর। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। এরপর হবে ইন্টারভিউ। লিখিত পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০% (তপশিলী হলে ৩০%, ও.বি.সি. হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। নেগেটিভ মার্কিং নেই। কোনো ইন্টারভিউ নেই।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mahanadicoal.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

karmasangsthan.online



# প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

**পারমিতা মিত্র, সল্টলেক:** রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে — সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে-প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান **থেকে পাশ করলে কেউ বসে থাকে না।** একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই **এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। এখানকার ছাত্র প্রণব ঘোষের কথাই ধরা যাক। সাধারণ কমার্স গ্র্যাজুয়েট। ৪ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় Web Design-এ।** কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি **বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিস্কার আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই।** আবার এখানকার আরেকটি ছেলে **অরুনাভ পাত্র।** আর্টস ব্যাকগ্রাউন্ড। এখানে যখন প্রথম কাউন্সেলিং করাতে এসেছিল, তখন কাউন্সিলারদের এটা বোঝাতে হিমসিম খেতে হয়েছিল যে 'পাতি আর্টস ব্যাকগ্রাউন্ড' হলেও অরুনাভ আইটি কোম্পানির জন্য একদম ঠিকঠাক 'মেটেরিয়াল'। ডিসানের আশা সত্যি করে আজকে অরুনাভ ওয়েব ডেভেলপার হিসাবে মাসে ৩২,০০০ টাকা মাইনের চাকরি করছে। আবার এখানকার ছাত্রী অমর্ত্যা সেন, বংলবংাত। বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হওয়ার পর সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখান থেকে ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে ১৮,৫০০ টাকার **স্যালারি প্যাকেজ** পাচ্ছে সে। এখানকার ছাত্র **অভিষেক কুমারের** কথাই ধরা যাক। আর্টস ব্যাকগ্রাউন্ড। পারিবারিক আর্থিক সমস্যা থাকায়, উচ্চ শিক্ষা অসম্পূর্ণ ছিল। ডিসানে ভর্তি হওয়ার পর এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে সে **SEO Executive** পদে কর্মরত। **এখানকারই আরেকজন ছাত্রী প্রিয়া বাগ।** SMO ট্রেনিং নিয়ে **Content Stretegist পদে মাসে ১২,৮০০ টাকা মাইনের চাকরি করছে। এখানকারই ছাত্র সুদীপ্ত পাল** এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে ৬,০০,০০০ **টাকার পে প্যাকেজ** পাচ্ছে সে। এরকমই আরেকজন ছাত্র— **রতন হালদার** - যার পারিবারিক আয় এতই কম, যে এখানকার ট্রেনিংয়ের ফীজ দেওয়ার ক্ষমতাও ছিল না তার। ৭০% স্কলারশিপ পেয়ে এখন সে মাসে **১৪,০০০ টাকা মাইনের চাকরিতে কর্মরত।** উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেওয়ার সময় **রামমোহন হালদার** এর বাবা মারা যান। ডিসানে ৮০% স্কলারশিপ পেয়ে ট্রেনিং নিয়ে মাসে ১৭,০০০ **টাকা আয় করছে** সে। আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিলেন **অমিত ব্যানার্জী।** এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে **৩,৬০,০০০ টাকার প্যাকেজে** কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত।

> সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।

আবার গত মাসে **রবিকান্ত সিং** (ডালমিয়া ফিনান্সিয়াল সার্ভিসেস), **দীপক মজুমদার** (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **গোপাল বিশ্বাস** (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/-টাকা); **অর্ণব রায়** (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **শ্রেয়া রায়** (জুনিয়ার UI/UX হিসাবে সুইফ্‌ট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে **নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ** থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, LinkedIn ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্র্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড - এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.

## নার্সিং কলেজে ফ্যাকাল্টি নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, বহরমপুর :** মনমোহিনী অ্যাকাডেমিক ইনস্টিটিউশন (কলেজ অ্যান্ড স্কুল অফ নার্সিং) 'অ্যাসোসিয়েট প্রফেসর', 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' ও 'টিউটর' পদে বেশ কিছু ছেলেমেয়ে নিচ্ছে। নার্সিং নিয়ে এম.এসসি পাশরা ৮ বছরের অভিজ্ঞতা ও সঙ্গে ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে 'অ্যাসোসিয়েট প্রফেসর' পদের জন্য যোগ্য। নার্সিং নিয়ে এম.এসসি পাশরা ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের জন্য যোগ্য আর নার্সিং নিয়ে এম.এসসি পাশরা ১ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে 'টিউটর' পদের জন্য যোগ্য। অভিজ্ঞতার ভিত্তিতে আই.এন.সি গাইড লাইন অনুযায়ী মাইনে পাবেন। ইচ্ছুক প্রার্থীরা সম্পূর্ণ বায়োডাটা পাঠাবেন এই ই-মেল আই.ডি-তে : manmohiniacademic@gmail.com বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 9046158843, 9475845342. ওয়েবসাইট : www.nursingmai.org

## CIPETএ বিভিন্ন প্লাস্টিক্স কোর্সে ভর্তি

**নিজস্ব সংবাদদাতা, হলদিয়া :** কেন্দ্রীয় সরকারের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (CIPET) ৪টি প্লাস্টিক্স টেকনোলজির কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল: (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি, যোগ্যতা : মাধ্যমিক, মেয়াদ : ৩ বছর (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি, যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৩) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং; যোগ্যতা : বিজ্ঞান শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ, মেয়াদ : দু বছর। (৪) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন উইথ CAD/CAM, যোগ্যতা : মেকানিক্যাল/ প্লাস্টিক্স/পলিমার/ টুল/ টুল অ্যান্ড ডাই মেকিং/প্রোডাকশন/মেকাট্রনিক্স/ অটোমোবাইল / পেট্রোকেমিক্যালস/ ইন্ডাস্ট্রিয়াল/ ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ বা DPMT/DPT বা সমতুল কোর্স পাশ। মেয়াদ: দেড় বছর। বয়সের কোনো কড়াকড়ি নেই। ছেলে ও মেয়েদের থাকার জন্য আলাদা হস্টেলের ব্যবস্থা আছে। যারা ফিজিক্স, কেমিষ্ট্রি ও ম্যাথামেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করবে অথবা যেকোনো শাখায় আই টি আই পাশ **ছেলেমেয়েরা (উচ্চমাধ্যমিকে ওপরের ৩টি বিষয়ও থাকতে হবে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে DPT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি) বা DPMT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি)এর দ্বিতীয় বর্ষে সরাসরি ভর্তি হতে পারেন।** আসন সংখ্যা সীমিত। যারা ফাইনাল পরীক্ষা দিয়েছেন তারাও যোগ্য। কোর্স শেষে প্লেসমেন্টের সাহায্য করা হয়। CIPET ADMISSION TEST-2026এর মাধ্যমে ভর্তি নেওয়া হবে। অনলাইন আবেদনের শেষদিন ২৮ মে। সিপেট পরীক্ষার দিন ৭ জুন। সফলদের প্লেসমেন্টে সাহায্য করা হয়। অনলাইনে আবেদন করতে হবে এই লিঙ্কে: https://cipet26.onlineregistrationform.org/CIPET/ ফোন: 9002132328, 9749042189. Website: www.cipet.gov.in

## কেন্দ্রীয় সংস্থায় ৪৯৫ সায়েন্টিস্ট

১ পাতার পর

টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি বা, ইনফমেটিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। এম.এসসি. বা, এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৭৬টি (জেনাঃ ১৫৪, ও.বি.সি. ১০১, তঃজাঃ ৫৬, তঃউঃজাঃ ২৮, ই.ডব্লু.এস. ৩৭, প্রতিবন্ধী ১৮)। বিজ্ঞপ্তি নং : NIC/STA/2026/2.

**সায়েন্টিস্ট-B :** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি ম্যানেজমেন্ট, ইনফমেটিক্স কম্পিউটার ম্যানেজমেন্ট, সাইবার ল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। ডোয়েক থেকে 'বি' লেভেল কোর্স পাশরাও যোগ্য। এম.এসসি. বা, এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ২৪৩টি (জেনাঃ ১০০, ও.বি.সি. ৬৫, তঃজাঃ ৩৬, তঃউঃজাঃ ১৮, ই.ডব্লু.এস.২৪, প্রতিবন্ধী ১০)। বিজ্ঞপ্তি নং : NIC/SCB/2026/1.

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ক্ষেত্রে 'গেট' ২০২৪, ২০২৫, ২০২৬ সালে সফল হয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল নিয়ে যাবেন। বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.recruitment.nic.in কীভাবে দরখাস্ত করবেন, কত টাকা ফী দিতে হবে ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিস্তারিতভাবে ওই ওয়েবসাইটেই পাবেন।

## রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা:** রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির ২০২৬-২০২৭ সেশনে ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ৪টি বিভাগে ভরতি নিচ্ছে — সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। গড়ে ৫০ শতাংশ নম্বর পেয়ে মাধ্যমিক বা সমতুল কোর্স পাশকরা ছাত্ররা আবেদন করতে পারেন। মাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্যাল সায়েন্সে গড়ে ৫০ শতাংশ নম্বর থাকা চাই। বয়স হতে হবে ১.৭.২০২৬ এর হিসাবে ২১ বছরের মধ্যে অর্থাৎ বয়স সীমা হবে ০১.০১.২০০৫ থেকে ৩০.০৬.২০১১-এর মধ্যে। শুধুমাত্র ছেলেরা আবেদন করবেন। অনলাইন আবেদন ফি ৫০ টাকা। অনলাইন ফর্ম দেওয়া চলছে। ফর্ম জমা দেওয়ার শেষ দিন ১৫ এপ্রিল। প্রার্থী বাছাই করা হবে শিল্পমন্দির অ্যাডমিশন টেস্ট (SAT)-র মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য দিন ১৯ এপ্রিল, সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত। পরীক্ষার পর চূড়ান্ত মেধা তালিকা তৈরি করা হবে। পরীক্ষার ফলাফল জানা যাবে অনলাইনে। রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির, ২০৮ জি টি রোড, বেলুড় মঠ, হাওড়া- ৭১১২০২, ফোন (০৩৩) ২৬৫৪-৯৩৮১, ৯৪৩৩০১২৪৬৩। ওয়েবসাইট : www.shilpamandira.org or www.belursat.org

## CBSE স্কুলে শিক্ষক নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, রঘুনাথগঞ্জ :** মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের CBSE অনুমোদিত ইংলিশ মিডিয়ামের কমল কুমারী দেবী মডেল স্কুলে পোস্ট গ্র্যাজুয়েট টিচার, ফিমেল হস্টেল ওয়ার্ডেন, ড্যান্স টিচার , অ্যাকাউট্যান্ট / ক্যাশিয়ার, অফিস স্টাফ, পিওন, সিকিউরিটি গার্ড, রিসেপসনিস্ট ও প্রিন্সিপল, ভাইস প্রিন্সিপল (প্রি-প্রাইমারি ও প্রাইমারি সেকশন) / টিআইসি পদে লোক নেওয়া হবে।

ফিজিক্স, কেমিস্ট্রি, কম্পিউটার সায়েন্স, গণিত, ইংলিশ, সোসিওলজি ও হিন্দি বিষয়ের পোস্ট গ্র্যাজুয়েটরা 'পোস্ট গ্র্যাজুয়েট টিচার' পদে আবেদনের যোগ্য। B.Ed. / D.El.Ed. কোয়ালিফিকেশন থাকলে ভালো হয়। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা ও ভালো কমিউনিকেশন স্কিল থাকতে হবে। অন্যান্য পদের বেলায় যোগ্যতা ও সব পদের বেলায় বয়স হতে হবে CBSE বোর্ড-এর নিয়মানুযায়ী। বেতন হবে প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতার ওপর। সব পদের ক্ষেত্রেই ইংরেজিতে কথা বলতে সাবলীল হতে হবে। প্রার্থীদের সিভি পাঠাতে হবে এই নম্বরে ওয়াটসঅ্যাপ করে : 9144400872 অথবা এই ই-মেল আইডিতে ই-মেল করে : kkdmsrecruitment72@gmail.com সিভি পাঠানোর শেষ তারিখ : ২৫.০৩.২০২৬.

### WALK-IN INTERVIEW

Vivekananda Mission High School (CBSC-Aff. No. 2430070, Sch Code-15748) Mechogram, Panskura, Purba Medinipur, Ph.No- 03228-252577, Email-mecvmhs@gmail.com, Date- 19-03-2026, Time-11AM

| Post | Eligibility | Documents |
|---|---|---|
| Teacher/ Counsellor - 01 | M.Sc. (Psychology) B.Ed. | Application with Photo, CV, Educational Certificate & Id Proof (Original & Xerox) |
| TGT English- 01 | B.A., B.Ed | |
| PRT English- 01 | H.S. D.El.Ed | |
| NTT - 01 | H.S. Montessori | |
| AC Technician - 01 | ITI or Equivalent | |
| Automobile Technician - 1 | ITI or Equivalent | |
| Plumber - 01 | ITI or Equivalent . | |

N.B.: Good Command in English; experience preferred. Computer knowledge is mandatory

### WALK-IN INTERVIEW

Wanted Residential Teachers for the Hostel of Vivekananda Mission High School (Under Vivekananda Education Trust) Mechogram, Panskura, Purba Medinipur, (Ph. No-03228-252577, Email- mecvmhs@gmail.com)
Date- 17/03/2026 Time-11 AM

| Post | Eligibility | Documents |
|---|---|---|
| English | B.A. / M.A. | Application with Photo, CV, Educational Certificate & Id proof (Original & Xerox) |
| MATHS | B.Sc. / M.Sc. | |
| HINDI | B.A. / M.A. | |
| GEOGRAPHY | B.Sc. / B.A. or M.A. / M.Sc. | |
| BENGALI | B.A. / M.A. | |
| CHEMISTRY | B.Sc/M.Sc. | |
| BIOLOGY | B.Sc. / M.Sc. | |

N.B. Good Command in English; experience preferred. Computer knowledge is mandatory.

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

# রিজার্ভ ব্যাঙ্কে ভালো বেতনের চাকরি পাবেন কীভাবে

*সম্প্রতি দেশের প্রধান কেন্দ্রীয় ব্যাঙ্কিং সংস্থা তথা রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'অ্যাসিস্ট্যান্ট' পদে ৬৫০ জন ছেলেমেয়ে নিচ্ছে। অনলাইন অ্যাপ্লিকেশনের মাধ্যমে আবেদন করেছে কয়েক লাখ ছেলেমেয়ে। অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ১১ এপ্রিল। ৬০ মিনিটের এই পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে বছরে প্রায় ৭,০০,০০০ টাকা মাইনের এই চাকরি ক্র্যাক করা সম্ভব সে বিষয়ে সবিস্তারে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

আজকে একথা নিঃসন্দেহে বলা যায়, সঙ্গত অনেকগুলি ফ্যাক্টরের জন্য ব্যাঙ্কের চাকরি তরুণদের কাছে খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। এরমধ্যে রয়েছে ভালো সুযোগ সুবিধা, দ্রুত পদোন্নতি, সুগঠিত বেতন কাঠামো ও সামাজিক পরিমণ্ডলের ইতিবাচক গ্রহণযোগ্যতা অন্যতম। যেকোনো বিষয়ে পড়াশোনা করে ব্যাঙ্কে চাকরির সুযোগ, স্বচ্ছ ও দ্রুত নিয়োগ প্রক্রিয়া আর দীর্ঘমেয়াদি কেরিয়ার গড়ার হাতছানি-সহ ব্যাঙ্কারদের সুশৃঙ্খল পরিপাটি জীবন তরুণদের প্রবলভাবে আকৃষ্ট করছে।

শুধু ব্যাঙ্কিং, ফিন্যান্স, ব্যবস্থাপনা, অর্থনীতি বা ব্যবসাসংক্রান্ত বিষয়ই নয়, বিজ্ঞান, কৃষি প্রকৌশল-সহ বিভিন্ন বিশেষ বিষয়ে ডিগ্রিধারীরাও ব্যাঙ্কের চাকরির দিকে ঝুঁকে পড়ছেন। এজন্য গত এক দশকে আমাদের দেশের ব্যাঙ্কের চাকরি প্রার্থীর সংখ্যা অনেক গুণ বেড়ে গেছে। প্রযুক্তির ব্যবহার, ঝুট-ঝামেলা ছাড়া অনলাইন ভিত্তিক লেনদেন ব্যাঙ্কিং কার্যক্রমে আমূল পরিবর্তন এনেছে। ফলে অন্য যেকোন সময়ের চেয়ে ব্যাঙ্কের চাকরি এখন বেশ এগিয়ে। স্মার্ট পেশা হিসেবেও বাড়ছে তুমুল জনপ্রিয়তা।

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্ক ও দেশের অর্থনীতির অন্যতম স্থপতি। এই ব্যাঙ্কের সিদ্ধান্তগুলি সমস্ত ভারতীয়ের দৈনন্দিন জীবনকে স্পর্শ করে। বিভিন্ন বিভাগে প্রতি বছর নিয়োগ বিজ্ঞপ্তি ঘোষণা করা হয়। সমগ্র ভারত জুড়ে এর কার্যক্রমের জন্য আরবিআই নিয়মিতভাবে নবীন ও অভিজ্ঞ পেশাদারদের নিয়োগ করে। যারা ব্যাঙ্কে চাকরির স্বপ্ন দেখছেন, তাদের জন্য দারুণ সুযোগ। Reserve Bank of India (RBI) অ্যাসিস্ট্যান্ট পদে মোট ৬৫০টি শূন্যপদ। দেশের বিভিন্ন আঞ্চলিক অফিসে এই নিয়োগ হবে, যার মধ্যে কলকাতা দফতরেও রয়েছে উল্লেখযোগ্য শূন্যপদ। যারা আবেদন করেছেন তাদের জোড় কদমে প্রস্তুতি শুরু করতে হবে।

**মোট শূন্যপদ:** ৬৫০

**কলকাতা অফিসে শূন্যপদ:** ২৯

**প্রিলিম পরীক্ষা (সম্ভাব্য):** ১১ এপ্রিল ২০২৬

**মেইন পরীক্ষা (সম্ভাব্য):** ৭ জুন ২০২৬

**শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৫০% নম্বর-সহ স্নাতক পাশ। (SC/ST/PwBD প্রার্থীদের ক্ষেত্রে শুধুমাত্র পাশ নম্বর থাকলেই আবেদনযোগ্য)

**কম্পিউটার ওয়ার্ড প্রসেসিংয়ে প্রাথমিক জ্ঞান থাকতে হবে।**

**বেতন কাঠামো :** বেসিক পে: ২৯,০০০ টাকা প্রতি মাসে

DA, HRA, TA ও অন্যান্য ভাতা মিলিয়ে মোট মাসিক বেতন প্রায় ৫৫,০০০ টাকা পর্যন্ত হতে পারে।

**নিয়োগ পদ্ধতি :**

রিজার্ভ ব্যাঙ্কের অ্যাসিস্ট্যান্ট নিয়োগের প্রক্রিয়া ৩টি ধাপে সম্পন্ন হবে:

১. **প্রিলিমিনারি পরীক্ষা (Preliminary Exam):** এটি হবে একটি এমসিকিউ বেসড পরীক্ষা। মোট ১০০ নম্বর থাকবে। সময় থাকবে এক ঘন্টা। ইংরিজি(৩০ নম্বর ), নিউমেরিকাল এবিলিটি (৩৫ নম্বর) ও রিজনিং (৩৫ নম্বর) থেকে প্রশ্ন থাকবে।

২. **মেইন পরীক্ষা (Mains Exam):** প্রিলিমসে উত্তীর্ণ প্রার্থীদের একটি ২০০ নম্বরের মেইন পরীক্ষায় বসতে হবে। প্রশ্ন থাকবে রিজনিং, ইংলিশ, নিউমেরিকাল এবিলিটি, জেনারেল নলেজ ও কম্পিউটার থেকে। এই ৫টি বিষয়ের প্রত্যেকটি থেকে ৪০ নম্বর করে মোট ২০০ নম্বরের পরীক্ষা। ২ ঘন্টা ১৫ মিনিট সময় দেওয়া হবে।

৩. **ভাষা দক্ষতা পরীক্ষা (Language Proficiency Test - LPT):** মেইন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশ্লিষ্ট রাজ্যের আঞ্চলিক ভাষায় কথা বলা, পড়া ও লেখার পরীক্ষা দিতে হবে। যেমন, কলকাতার জন্য আবেদন করলে বাংলা বা নেপালি ভাষায় দক্ষতা থাকতে হবে।

আবেদনের পরই প্রস্তুতি শুরু করব ভেবে বসে থাকলে আশায় গুড়ে বালি হতে পারে। কারণ বর্তমানে ব্যাঙ্ক চাকরি পেতে দরকার হয় দীর্ঘমেয়াদি প্রস্তুতি ও কৌশলী পড়াশোনা। নিয়মমাফিক ও বিষয়ভিত্তিক পড়াশোনা করতে পারলে অল্প সময়ে ভালো প্রস্তুতি নেওয়া সম্ভব।

RBI অ্যাসিস্ট্যান্ট ২০২৬ প্রস্তুতির জন্য বিস্তারিত কৌশল:

- **পরীক্ষার প্যাটার্ন ও সিলেবাস:** প্রিলিমস (গতি ও নির্ভুলতা) ও মেইনস (বিস্তারিত জ্ঞান) পরীক্ষার প্যাটার্ন ও সিলেবাস ভালোভাবে বুঝুন।
- **বিষয়ভিত্তিক প্রস্তুতি:**
- **কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড (Maths) ও রিজনিং:** বেসিক কনসেপ্ট মজবুত করুন, তারপর শর্টকাট ও দ্রুত গণনার চর্চা করুন। সাধারণ গণিতের পাশাপাশি গাণিতিক বিশ্লেষণী ক্ষমতা যাচাইয়ের জন্য অ্যাপ্টিটিউড টেস্ট অংশে গ্রাফ, ছক, টেবিল বা বর্ণনা দেওয়া থাকে, তা থেকে উত্তর দিতে হয়। আগে থেকেই দ্রুত অঙ্ক সমাধানের অনুশীলন করলে পরীক্ষার সময় বাড়তি সুবিধা পাওয়া যায়।
- **ইংরিজি (English):** ভোকাবুলারি, গ্রামার ও রিডিং কমপ্রিহেনশন উন্নত করুন।
- **সাধারণ জ্ঞান (GA) ও কম্পিউটার:** বিগত ৬-৮ মাসের কারেন্ট অ্যাফেয়ার্স, ব্যাঙ্কিং সচেতনতা ও বেসিক কম্পিউটার জ্ঞান অর্জন করুন। সাধারণ জ্ঞানের জন্য সমসাময়িক বিষয়ের ওপর নজর রাখতে হবে। ব্যাঙ্কিং সেক্টরের সাম্প্রতিক তথ্য জানতে হবে। এরসঙ্গে দেশীয় ও আন্তর্জাতিক আলোচিত বিষয় সম্পর্কে জানতে হবে। ভালোমানের সাধারণ জ্ঞানের বই, দৈনিক পত্রিকা ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ক মাসিক পত্রিকা পড়তে হবে। এছাড়া দেশের বার্ষিক প্রবৃদ্ধি (জিডিপি), রফতানি ধারা, রেমিট্যান্স, রিজার্ভ, কৃষি পরিস্থিতি, দারিদ্র্য হ্রাস, শ্রমবাজার, বিনিয়োগ পরিস্থিতি প্রভৃতি অগ্রগতির তথ্য টুকে রাখলে কাজে লাগবে।
- **মক টেস্ট ও বিশ্লেষণ:** নিয়মিত মক টেস্ট (Full-length mock tests) দিন ও ভুলগুলি বিশ্লেষণ করে তা শুধরে নিন।
- **পূর্ববর্তী বছরের প্রশ্ন:** বিগত বছরের প্রশ্নপত্র (PYQ) সমাধান করলে প্রশ্নের ধরন সম্পর্কে ধারণা পাবেন।
- **সময় ব্যবস্থাপনা:** প্রিলিমসে কম সময়ে বেশি প্রশ্ন সমাধানের অভ্যাস গড়ে তুলুন।

তাহলে আর দেরি কেন? শুরু হয়ে যাক স্মার্ট পেশার স্মার্ট প্রস্তুতি।

ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি, ডব্লু.বি.সি.এস-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# ৩৮,২১২ AI বেসড ওয়েব ডিজাইনার

১ পাতার পর

অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (অক্টোবর - ডিসেম্বর) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫৭,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** ও **AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ় ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.**

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience) ডিজাইন জিনিসটা ঠিক কী?** UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা ট্যুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

**উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'ইউজার ইন্টারফেজ (UI)' (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিং ও AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ৪টি **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ) ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েটপাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় **— Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.**

## ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D. করে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসাবে চাকরি সুযোগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D করার সুযোগ এখন হাতের মুঠোয়। মাস্টার ডিগ্রি হোল্ডার্স Non-NET প্রার্থীদেরও গাইড করা হবে। ফ্রেশার বা, কর্মরত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। লিমিটেড সীট আছে। আমাদের বিশেষত্ব : (১) ইউনির্ভাসিটি অ্যান্ড সুপারভাইজর শর্টলিস্টিং, (২) রিসার্চ প্রোপোজাল ও SOP সাপোর্ট, (৩) এন্ট্রান্স এক্সাম ও ইন্টারভিউ প্রিপারেশন, (৪) ফেলোশিপ ও ফান্ডিং অ্যাসিস্ট্যান্ট, (৫) স্ট্রং রিসার্চ ইন্টারেস্ট। আগ্রহী প্রার্থীরা বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন এইঠিকানায়: অ্যাডমিশন গাইডেন্স, বালি, হাওড়া। ফোন : 9038011392

## রেলে চাকরি : সাফল্যের মগজাস্ত্র!

বর্তমানে ভারতীয় রেলের বিভিন্ন পদে কয়েক লাখ নিয়োগের কর্মযজ্ঞ চলছে। সর্বভারতীয় এই চাকরিটি পেতে বাঙালী ছেলেমেয়েরা ক্রমশ পিছিয়ে পড়ছে কেন? এ ব্যাপারে বিশিষ্ট শিক্ষক তথা ক্যাসেস্ এডুকেশন, কলকাতার শিক্ষাধ্যক্ষ টি. কে. মিত্র স্যারের মতে, বাঙালী ছেলেমেয়েদের পিছিয়ে পড়ার নেপথ্য কারণগুলি হল — (১) পরিশ্রম বিমুখতা, (২) পরিকল্পনাহীন প্রস্তুতি, (৩) ক্ষুরধার অনুশীলনে অনীহা, (৪) প্রশ্নের ট্রেন্ড অ্যানালিসিসে অপেশাদারিত্ব ও (৫) (সর্বোপরি) সঠিক প্রশিক্ষণকেন্দ্রের অভাব। এব্যাপারে আরো বিস্তারিত জানতে ও চূড়ান্ত সাফল্যের দিশা পেতে অবশ্যই যোগাযোগ করুন (প্রয়োজনে অভিভাবকরাও আসতে পারেন)- ক্যাসেস, ৩৫, এ.পি.সি. রোড, শিয়ালদহ (জগৎ সিনেমার কাছে), কলি-৯, W.App : 9062756906, 9123325910.

## ফ্যাকাল্টি ও অ্যাসিস্ট্যান্ট নিয়োগ

প্রমা দাস, বর্ধমান : ISO মান্যতা প্রাপ্ত কম্পিউটার ট্রেনিং সংস্থা আস্থা ডিজিটাল সার্ভিসেস 'কম্পিউটার টিচার' ও 'অফিস অ্যাসিস্ট্যান্ট' পদে বেশ কিছু ছেলেমেয়ে নিচ্ছে। সারা রাজ্য জুড়ে বিভিন্ন স্কুল ও এরিয়া ধরে এই নিয়োগ হবে। উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা 'কম্পিউটা টিচার' পদের জন্য আবেদন করতে পারেন। সঙ্গে কম্পিউটারে ডিপ্লোমা থাকতে হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা 'অফিস অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন। উভয় পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মাইনে ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী। ইচ্ছুক প্রার্থীরা ১১.০৩.২৫ থেকে ২০.০৩.২৫ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন করবেন এই ওয়েবসাইটে গিয়ে : www.asthadigitalservices.com বিশদে জানতে ই-মেল করুন এই আইডি-তে : care@asthadigitalservices.com

## ২৪৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, টার্নার, মেশিনিস্ট, ওয়েল্ডার, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট (সি.ও.পি.এ.) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স গুণতে হবে ১৮-৩-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি আর ওজন অন্তত ২৫.৪ কেজি। বুকের ছাতি ৩.৮ সেমি প্রসারণক্ষম থাকতে হবে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ফিটারে ৬৮টি (জেনাঃ ২৮, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৮)। ইলেক্ট্রিশিয়ান ৬৮টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৪, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৮)। ইলেক্ট্রনিক মেকানিক ৬৮টি (জেনাঃ ২৯, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৮)। সি.ও.পি.এ. ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। টার্নার ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। মেশিনিস্ট ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। ওয়েল্ডার ১১টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এই পদের বিজ্ঞপ্তি নং : RR Site / HRM/Apprentice/01/2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in, www.nats.education.gov.in, www.npcilcareers.co.in এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন।

CBSE School (HS)
Raghunathganj, MSD
Urgent Vacancies
• Vice Principal / Coordinator Teacher-in-Charge ,
• PGT / TGT : English, Physics, Chemistry, Mathematics, Computer Science, History, Accountancy, Economics, BST
• PRT / MOTHER TEACHER : English, Science, Hindi, Mathematics
• Experienced Dance Teacher
• Experienced Accountant
• Security Guard & Receptionist
Last date of application : 25th March, 2026
: Send CV :
kkdmsrecruitment72@gmail.com
WhatsApp : 9144400872

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
: 9830795430

Techno Speciality Media Pvt.Ltd.
সন্তোষপুর (যাদবপুর), কলকাতা- ৭০০০৭৫
Admission Open for Session 2026
অ্যানিমেশন VFX
সিনেমার সাথে যুক্ত হয়ে হাতে-কলমে কাজ শিখে প্রতিষ্ঠিত হোন

Placement Guaranteed
যোগ্যতা : ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ ও স্নাতক
Bachelor in Animation & VFX
8274994192, 9046567905, 9038820925
www.teksm.com


Market Automate Create
3
Power of 3
NIHT
We Build Careers
সুনিশ্চিত চাকুরী
NIHT-র
Digital Marketing+ Gen AI + Agentic AI -র
প্রোগ্রাম student দের গড়ে তুলছে চাকুরিতে unstoppable
MONTHLY EMI
100 PERCENT JOB ASSISTANCE
20+ Global Certifications
52125+ Students Trained
১টা কোর্সে ৩ টে Job Ready প্রোগ্রাম
9830501515 / 9903622993
• Practical Classes
• Live Panels
• Expert Trainers
• Free Website Hosting
• State-of-the-Art-Studio
• Course Videos(LMS)
• Unlimited Tools
• Model Photoshoot
Bhowanipore
1st floor,16C, Ashutosh Mukherjee Rd, near Homeland Mall, Kolkata- 700020
Ultadanga
3rd Floor, 161/1, CIT Rd, CIT Scheme VII M, Seheme 7, Kolkata- 700054
Google Partner
Meta Business Partner
Skill India
www.nihtdigitalmarketing.com

## চাকরির টুকরো খবরাখবর

### ১২ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, পটনা :** ন্যাশনাল ইনস্টিটিউট অফ পটনা 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট' পদে ১২ জন লোক নিচ্ছে। উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটার টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেড শিটে দক্ষতা থাকতে হবে। ট্যালি বা, অন্য কোনো অ্যাকাউন্টিং বিষয়ে দক্ষতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৪-৩-২০২৬'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৮, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : NITP / Non-Teaching /05/2026.

প্রার্থী বাছাই হবে স্ক্রিনিং টেস্ট, ট্রেড টেস্ট বা, স্কিল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nitp.ac.in এজন্য পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী হলে ৪০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই দরখাস্ত স্পিড ডাকে কিংবা রেজিস্ট্রি ডাকে পাঠাতে হবে, ৩০ মার্চের মধ্যে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Registrar, National Institute of Technology Patna, Ashok Rajpath, Patna -800 005.

### ৮ মাল্টি টাস্কিং স্টাফ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** সি.এস.আই.আর.'এর কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল বায়োলজি 'মাল্টি টাস্কিং স্টাফ' পদে ৮ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ৪৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইন্টেলিজেন্স-৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস -১৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ১৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পদের বিজ্ঞপ্তি নং : R&C/615/2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://iicb.res.in এজন্য পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

### গ্রামীণ ডাক সেবক পদের মেধা তালিকা বেরোল

ভারতীয় ডাক বিভাগের ব্রাঞ্চ পোস্ট মাস্টার, অ্যাসিস্ট্যান্ট পোস্ট মাস্টার ও ডাক সেবক পদের চূড়ান্ত মেধা তালিকা বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.indiapost.gov.in/gdsonlineengagement

### সিভিল সার্ভিস পরীক্ষার চূড়ান্ত ফল বেরোল

ইউ.পি.এস.সি.'র ২০২৫ সালের সার্ভিস সার্ভিস পরীক্ষার চূড়ান্ত মেধা তালিকা বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে ; www.upsc.gov.in

### স্টেট ব্যাঙ্কের পরীক্ষা

স্টেট ব্যাঙ্কের ২০২৬ সালের সার্কেল বেসড অফিসার পদের অনলাইন পরীক্ষা হবে ১৪ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https//sbi.bank.in

### ইন্টেলিজেন্স ব্যুরোর ফল বেরোল

ইন্টেলিজেন্স ব্যুরোর ACIO-II/Exe' পদের টায়ার -I। পদের ফল বেরিয়েছে। সফলদের এরপর ইন্টারভিউ হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://www.mha.gov.in

### বার্ণপুর হাসপাতালে প্যারামেডিক্সদের দক্ষতা বৃদ্ধির ট্রেনিং

**নিজস্ব সংবাদদাতা, বার্ণপুর :** স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার বার্ণপুর হসপিটালের ইসকো স্টিল প্ল্যান্ট ক্রিটিক্যাল কেয়ার টেকনিশিয়ান ও ডায়ালিসিস টেকনিশিয়ান হিসাবে ৭ জন প্রার্থীকে দক্ষতা বৃদ্ধির ট্রেনিং দেবে। ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি বা, ডায়ালিসিস টেকনিশিয়ানের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ৫-৩-২০২৬'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১৮ মাসের ট্রেনিং। পারিশ্রমিক মাসে ১৭,৯৮০ টাকা। শূন্যপদ : ক্রিটিক্যাল কেয়ার টেকনিশিয়ানে ৫টি ও ডায়ালিসিস টেকনিশিয়ানে ২টি। বিজ্ঞপ্তি নং : 25-26/Hospital/16, Dt: 05.03.2026.

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২৩ মার্চ, বেলা ৯টা থেকে ১১টা। এই ঠিকানায় : কনফারেন্স হল, ও.পি.ডি. ব্লক, বার্ণপুর হসপিটাল, পশ্চিম বর্ধমান। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল।

## সাধারণ জ্ঞান

### সাধারণ বিজ্ঞান

১। 'জাতীয় বিজ্ঞান দিবস' কবে পালিত হয় — ২৮ ফেব্রুয়ারি।

২। মানব শরীরে কোন শ্বেত রক্তকণিকা অ্যালার্জি প্রতিরোধে সাহায্য করে — ইওসিনোফিল।

৩। কোন মৌলকে 'কুইক সিলভার' বলা হয় — পারদ (প্রতীক : Hg, পারমাণবিক সংখ্যা : 80)।

৪। 'ল্যানডল্টের অধঃক্ষেপণ' পরীক্ষায় ল্যাভঁয়সিয়ে কোন পদার্থ ব্যবহার করেন — ফেরাস সালফেট (ফর্মুলা - $FeSO_4$) ও সিলভার সালফেট (ফর্মুলা - $Ag_2SO_4$)।

৫। মাজরা পোকার কোন দশা শস্যের ক্ষতি করে — লার্ভা।

৬। পদার্থবিদ্যার কোন শাখাটি অ্যাটমিক নিউক্লিয়াসের অধ্যয়নের সঙ্গে সম্পর্কিত — নিউক্লিয়ার ফিজিক্স।

৭। 'সরল পেরিস্কোপ'এ আলোর কোন নীতিকে কাজে লাগানো হয় — প্রতিফলন।

৮। এডউইন হাওয়ার্ড আর্মস্ট্রং কোন



প্রযুক্তির আবিষ্কারক ছিলেন — এফএম রেডিও।

### ইতিহাস

৯। কোন সালে বাংলার প্রতিটি জেলার কালেক্টরকে রাজস্ব নিষ্পত্তি ও আদায়ের দায়িত্ব দেওয়া হয়েছিল — ১৭৮৬।

১০। বিজয়নগর শিল্পের সর্বোত্তম উদাহরণ হল — হাম্পি (এটি হল দক্ষিণ ভারতের কর্ণাটক রাজ্যের একটি প্রাচীন গ্রাম)।

১১। শিবাজীর অষ্টপ্রধানে, বৈদেশিক বিষয় দেখাশোনা করতেন — দবির বা সামন্ত।

১২। সুলতান কুতুব-উদ-দ্বীন আইবকের মৃত্যুর সময় ইলতুৎমিশ কোন স্থানের গভর্নর ছিলেন — বুদাউন।

১৩। ভারতের জন্য লন্ডনে হাইকমিশনার নিযুক্ত করা হয় কোন আইনের মাধ্যমে — মন্টেগু চেমসফোর্ড (১৯১৯ সাল)।

১৪। কোন বেদকে 'মন্ত্রের গ্রন্থ' বলা হয় — সামবেদ।

১৫। চিন দেশের পরিব্রাজক হিউয়েন সাং কার কাছে সংস্কৃত ভাষা শেখেন — শীলভদ্র।

১৬। তুলুভা রাজবংশের কোন শাসক বাবরের সমসাময়িক ছিলেন — কৃষ্ণদেবরায়।

### ভূগোল

১৭। 'উরি' বাঁধ জম্মু ও কাশ্মীরের কোন নদীর ওপর অবস্থিত — ঝিলাম নদী (উরি বাঁধ হল জম্মু ও কাশ্মীরের বারামুলা জেলার উরির কাছে ঝিলাম নদীর ওপর ৪৮০ মেগাওয়াট ক্ষমতার একটি জলবিদ্যুৎ কেন্দ্র)।

১৮। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি সয়াবিন উৎপাদন হয় — মধ্য প্রদেশ (প্রায় ৪৫%)।

১৯। কোন পাহাড়ি স্থানটিকে 'কুমায়ুনের ফলের বাটি' বলা হয় — রামগড় (উত্তরাখণ্ডের নৈনিতাল জেলায় অবস্থিত)।

২০। খাসি ও গারো ভারতের কোন রাজ্যের ভাষা — মেঘালয়।

২১। তুলা চাষের জন্য কোন মাটি সবথেকে উপযুক্ত বলে বিবেচিত হয় — কালো মাটি।

২২। পশ্চিমবঙ্গের সর্বোচ্চ স্থান হল — সান্দাকফু (এর উচ্চতা ৩,৬৩৬ মিটার)।

২৩। মণিপুর রাজ্য আর নাগাল্যান্ড রাজ্য কোন পাহাড় শ্রেণির মাধ্যমে আলাদা করা হয়েছে — বরাইল পাহাড়।

২৪। 'সোনালি চতুর্ভুজ'এর মাধ্যমে কোন পথকে নির্দেশ করা হয় — সড়ক পথ।

### সাম্প্রতিক ঘটনা

২৫। ২০২৫ সালের ২৯ জুলাই 'জাতীয় শিক্ষা নীতি ২০২০' কত বছর পূর্ণ করেছে — ৫ বছর।

২৬। 'আন্তর্জাতিক বাঘ দিবস' কবে পালিত হয় — ২৯ জুলাই।

২৭। 'এক মাসে সিটিজেন এনগেজমেন্ট প্ল্যাটফর্ম সবথেকে বেশি সংখ্যক লোক নিবন্ধিত হওয়া'র জন্য 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কোন উদ্যোগ — পরীক্ষা পে চর্চা (তথ্য অনুযায়ী, ২০২৫ সালে 'পরীক্ষা পে চর্চা'র অষ্টম সংস্করণে মোট ৩.৫৩ কোটি বৈধ নিবন্ধন সম্পন্ন হয়েছে)।

২৮। দেশে সবথেকে বেশি অঙ্গদানের ঘটনা ঘটেছে কোন রাজ্যে — তেলেঙ্গানা (কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের মতে, তেলেঙ্গানায় ২০২৪ সালের মধ্যে প্রতি ১০ লাখ জনসংখ্যায় ৪.৮৮ জন অঙ্গদানের হার রেকর্ড করা হয়েছে; যেখানে জাতীয় গড় প্রতি ১০ লাখ জনসংখ্যায় ০.৮)।

২৯। প্রথম 'বিমস্টেক ঐতিহ্যবাহী সঙ্গীত উৎসব' কোথায় হয়েছে — নয়া দিল্লির 'ভারত মণ্ডপম'এ।

৩০। প্রতিরক্ষা প্রযুক্তিতে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে, কোন শিক্ষা সংস্থায় 'অগ্নিশোধ' গবেষণা সেল চালু করলেন ভারতীয় সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী — আইআইটি মাদ্রাজ।

৩১। ভারতের প্রথম বন্দর কোনটি, যেখানে সফলভাবে সবুজ হাইড্রোজেন উৎপাদন করা হয়েছে আর ছাদে ১ মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ উৎপাদন করা হয়েছে — থুথুকুডির 'ভি.ও.চিদাম্বরনার' বন্দর।

সঙ্কলক : পলি দেওয়ান

## সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে

১ পাতার পর

এই ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে।

অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না — 'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেন্ড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

(৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (৯) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

এবছর H.S. পরীক্ষা দেবে নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

১৩ ও ১৪ মার্চ, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

স্থানঃ রাগিনী ম্যারেজ হল, ভারত সাইনি রোড (সুকুমার উদ্যানের কাছে), বাঁকুড়া

ঃ সময় ঃ
সকাল ১০টা থেকে
বিকাল ৪টা পর্যন্ত

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by : RGCTC রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র

In Gracious Presence

JIS GROUP Educational Initiatives, RICE EDUCATION, School of the FUTURE, techno India university West Bengal, SMIT Sikkim Manipal Institute of Technology, SNU Sister Nivedita University, CHITKARA UNIVERSITY, Indian Institute of Packaging Kolkata Centre, IQ CITY KNOWLEDGE & HEALTH CAMPUS DURGAPUR, DR.B.C.ROY SOCIETY, CAMELLIA, SBIHM, DOLPHIN School of Hotel Management, TSM ANIMATION ACADEMY, upGrad School of Technology, COLLEGE VIVE, NIHT We Build Careers, DESUN ACADEMY Get Placed by Skills, BNG. Hotel Management Institute, seacom GROUP OF COLLEGES, TIEM Hotel and Hospitality Management College

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে* E-mail *করুন এই নম্বরে :* karmajiggasa@gmail.com *ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## স্কুল সার্ভিসের

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে স্পেশাল বি.এড. করেছি। ডিগ্রি কোর্সে ৫০% নম্বর আছে। আপার প্রাইমারিতে আবেদনের যোগ্য? না প্রাইমারিতে যোগ্য? — সূর্য মিত্র, গুমা, বড় বামুনিয়া, উত্তর ২৪ পরগনা। রজনী দেবশর্মা, বেহুর, তরঙ্গপুর, কালিয়াগঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ আপার প্রাইমারিতে যোগ্য। প্রাইমারিতে যোগ্য নন।

■ *স্কুলসার্ভিসের ক্লার্ক পদের যে পরীক্ষা ১ মার্চ ও গ্রুপ-ডি পদের যে পরীক্ষা ৮ মার্চ হল, তার ফল কবে বেরোতে পারে? — সায়নী বিশ্বাস, হরিপাল, হুগলি। স্বপন ধর, ঘাটাল, পশ্চিম মেদিনীপুর।*

■■ মে-জুন মাস নাগাদ ফল বেরোতে পারে।

## রেলে চাকরির

■ *রেলের টেকনিশিয়ান গ্রেড-III পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? জেনারেলদের বয়স কি বাড়ানো হবে? না ৩০ বছর বয়সই থাকবে? — বিশাল খামরুই, কুমারিয়া, হাওড়া।*

■■ রেলের পূর্বনির্ধারিত বিজ্ঞপ্তি অনুযায়ী, এবার টেকনিশিয়ান পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে। তবে কবে বেরোবে তা এখনই জানানো সম্ভব নয়। বয়স জেনারেল প্রার্থীদের জন্য ৩০ বছরই থাকছে।

■ *রেলেরগ্রুপ-ডি পদের ২০২৫ সালের যে পরীক্ষা গত বছর নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত হয়েছিল, তার ফল কবে বেরোবে? — অরূপ হালদার, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এ মাসেই ফল বেরোনোর সম্ভাবনা আছে।

■ *রেলেগ্রুপ-ডি পদের শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী বিষয় থাকে? ছেলেমেয়েদের উভয়েরই কি দৌড়তে হবে? — সোনালী দাস, বাসুদেবপুর, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

■ *রেলে গ্রুপ-ডি পদে দরখাস্ত করার শেষ তারিখ কবে ? — কুন্তল ঘোষ, বেড়াবেড়ি, সিঙ্গুর, হুগলি।*

■■ রেলেগ্রুপ-ডি পদে দরখাস্ত করার শেষ তারিখ ৯ মার্চ।

■ *রেলের ড্রাইভার হতে হলে কেমন যোগ্যতা লাগে? কী কী পরীক্ষা দিতে হয়? — স্বপন মন্ডল, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট হিসাবে নিয়োগ করা হয়। নেওয়া হয় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য।

পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। বয়স দরকার ১৮ থেকে ৩০ বছর। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-I) হবে। তাতে সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-II) হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সি.বি.এ.টি.) হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক, (২) মেন্টাল এবিলিটি, (৩) জেনারেল সায়েন্স, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সময় ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী হলে ৩০%, তপশিলী উপজাতি হলে ২৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এই দু'টি পার্ট : পার্ট-এ ও পার্ট-বি।

পার্ট-এ-তে থাকবে ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন, এইসব বিষয়ে : (ক) অঙ্ক, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (গ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং।

পার্ট-বি-তে থাকবে ৬০ মিনিটের ৭৫টি প্রশ্ন। প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়।

## কোর্স ও ট্রেনিং

■ *উচ্চমাধ্যমিক পাশ করার পর আই.টি.আই. ও কোনো বিষয়ে অনার্স একইসঙ্গে করা আইনত বৈধ কি? — আকাশ মন্ডল, কাটোয়া, পূর্ব বর্ধমান।*

■■ আই.টি.আই. কোর্স পরিচালনা করে এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.। গ্র্যাজুয়েট ডিগ্রি দেয় ইউ.জি.সি. অনুমোদিত কোনো ইউনিভার্সিটি থেকে। আই.টি.আই. কোর্স হল ভোকেশনাল কোর্স আর ডিগ্রি হল অ্যাকাডেমিক ডিগ্রি। তাই দু'টি কোর্স একই সঙ্গে করলে সাধারণত অসুবিধা হবে না। তবে দু'টি কোর্সই রেগুলার হলে ক্লাস টাইপিংয়ে অসুবিধা হতে পারে।

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এন.এস.ও.ইউ.)-এর ইউ.জি. ডিগ্রি কি সারাজীবন বৈধ থাকে? কোনো কারণে মুক্ত বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গেলে অসুবিধা হয় কি? — অমৃতা লস্কর, বর্ধমান।*

■■ ইউ.জি.সি. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে একবার ডিগ্রি পেয়ে থাকলে তা সারাজীবন বৈধই থাকে। ইউনিভার্সিটি বন্ধ হয়ে গেলেও অসুবিধা হয় না।

## যুবসাথী প্রকল্পের

■ *যুবসাথী প্রকল্পের ভাতা হিসাবে মাসে ১,৫০০ টাকা করে দেওয়া শুরু হয়েছে ৭ মার্চ থেকে। আমি এখনো পাইনি। কোনো এস.এম.এস. আসেনি। যুবসাথী প্রকল্পের ওয়েবসাইটে স্টেটাস দেখতে পারছি না। কোথায় যোগাযোগ করব? — সায়ক বিশ্বাস, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ যুবসাথী প্রকল্পের ভাতা ৭ মার্চ থেকে দেওয়া শুরু হয়েছে। প্রায় ৯০ লাখ প্রার্থীর বেশির ভাগ প্রার্থী টাকা পেয়ে গেছেন। যাঁরা এখনো পাননি, তাঁরা দু-এক দিনের মধ্যেই পেয়ে যাবেন। তারপরেও যারা পাবেন না, তাঁরা এই ওয়েবসাইট https://yobasathi.wb.gov.in গিয়ে Application Status-এ ক্লিক করে Check Status-এ ক্লিক করলেই জানতে পারবেন।

## অন্যান্য চাকরির

■ *পঞ্চায়েতের নিয়োগ কবে শুরু হবে? রেজিস্ট্রেশন হল কিন্তু বছর কেটে গেল। কবে অনলাইন শুরু হবে?—মঞ্জুলা মন্ডল, ঘাসিয়াড়া, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ আপাতত কোনো খবর নেই। নির্বাচনের আগে নিয়োগের কোনো খবর নেই।

■ *উচ্চমাধ্যমিক পাশ। ৪ চাকার ড্রাইভিং লাইসেন্স আছে। বয়স ২৬ বছর। ডিফেন্সের কোন পদে দরখাস্ত করতে পারব? — সেখ মেসবাহুল, মাধবপুর, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর।*

■■ কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা বিভাগে যেমন, এন.ডি.এ, সি.ডি.এস. ইত্যাদি পরীক্ষা দিতে পারবেন না। আর্মির জেনারেল ডিউটি পদেও পরীক্ষা দিতে পারবেন না। ৮ বাহিনীর কনস্টেবল (জি.ডি)'এর জন্য বয়স হতে হবে ২৩ বছরের মধ্যে। তবে সংরক্ষিত ক্যাটেগরি হলে বয়সে ছাড় পেতে পারেন। এছাড়াও কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল, কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, এম.টি.এস. পরীক্ষা দিতে পারবেন। রাজ্য পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদে দরখাস্ত করতে পারবেন।

■ *ডাক বিভাগে ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদের মেধা তালিকা বেরিয়েছে কি? — চান্দ্রেয়ী লাহেড়ী।*

■■ হ্যাঁ, বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.indiapost.gov.in

■ *পশ্চিমবঙ্গ বিদ্যুৎ সংস্থায় ভোটের আগে আই.টি.আই. পাশদের নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে কি? — সুমিত দে।*

■■ আপাতত কোনো খবর নেই।

## পি.এস.সি.'র

■ *ক্লার্কশিপ, মিসলেনিয়াস, আই.ডি.ও., মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর-এর সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বেরিয়েছে। এবছর যদি পুরো বিজ্ঞপ্তি বেরোয়, তাহলে আগের ই.ডব্লু.এস. সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করা যাবে কি? না কি নতুন অর্থবর্ষের ই.ডব্লু.এস. সার্টিফিকেট নিতে হবে? — বিশাল খামরুই, হাওড়া।*

■■ দরখাস্ত করার সময় সেই বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| আর্মিতে অগ্নিবীর | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| আর্মিতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক ফার্মাসি | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| এইমস-এ নার্সিং অফিসার | B.Sc নার্সিং জি.এন.এম. | - | ১৬-৩-২৬ | www.aiimsexams.ac.in |
| এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি | এন.সি.সি. | ৭০ | ১৬-৩-২৬ | www.joinindianarmy.nic.in |
| এন.বি.সি.সি. ইন্ডিয়ায় জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, | ৩৫ | ৫-৪-২৬ | www.nbccindia.in |
| DSSSB-তে জুনিয়র ইঞ্জিনিয়ার, সেকশন অফিসার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৮৯৭ | ২৫-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| UPSC-র CAPF (AC) পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ৩৪৯ | ১২-৩-২৬ | www.upsconline.nic.in |
| কলেজে সহকারী অধ্যাপক | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১৫-৪-২৬ | www.wbcsconline.in |
| GAIL-এ এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | - | ১৮-৩-২৬ | https.gailonline.com |
| DSSSB-এ রেডিওগ্রাফার, অপ্টোমেট্রিস্ট, পাটওয়ারি | HS, ITI গ্র্যাজুয়েট | ২৬৪ | ২৮-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| হিন্দুস্তান পেট্রোলিয়ামে এক্সিকিউটিভ, ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৬৫৪ | ২৫-৩-২৬ | www.hindustanpetroleum.com |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| রেলে NTPC গ্র্যাজুয়েট লেভেল CBT পরীক্ষা | ১৬-২৭ মার্চ | www.rrbkolkata.gov.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| স্টেট ব্যাঙ্কের সার্কেল বেসড অফিসার পদের পরীক্ষা | ১৪ মার্চ | https://sbi.bank.in |
| প্রাইমারি টিচার পদে নদিয়া, মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ১০ মার্চ থেকে ২৯ মে | https://www.wbbpeonline.com |

# রেল গ্রুপ 'ডি'

## রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ২২ হাজার শূন্যপদে দরখাস্ত নেওয়া হয়েছে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন কর্মসংস্থান পত্রিকার সহকারী সম্পাদক রঞ্জিত ঘোষ।

**1.** কোন বলের ফলে একটি গাড়িকে ব্রেকের মাধ্যমে থামানো যায়?
(A) অভিকেন্দ্র বল (B) অপকেন্দ্র বল (C) জাড্য (D) ঘর্ষণ বল

**2.** বাতাস থেকে জলীয় বাষ্প শোষণ করার প্রক্রিয়াকে কী বলা হয়?
(A) আর্দ্রকরণ (B) অনার্দ্রকরণ (C) বায়বীয়করণ (D) পরিস্রুতকরণ

**3.** তাপমাত্রা পরিমাপ করা হয় কোন যন্ত্রের সাহায্যে?
(A) অ্যানিমোমিটার (B) থার্মোমিটার (C) সিসমোমিটার (D) ব্যারোমিটার

**4.** জলের আপেক্ষিক তাপ কত?
(A) শূন্য (B) অর্ধেক (C) চারভাগের তিনভাগ (D) এক

**5.** একটি হলঘরে কীসের জন্য শব্দের অনুরণন ঘটে?
(A) প্রতিফলন (B) ব্যাতিচার (C) প্রতিসরণ (D) বিশোষণ

**6.** নিচের কোনটি অক্সিজেনের সঙ্গে তীব্রভাবে বিক্রিয়া করে?
(A) Al (B) CU (C) Fe (D) Zn

**7.** 'ট্রিটিয়াম' কোন মৌলের আইসোটোপ?
(A) অক্সিজেন (B) ক্লোরিন (C) হাইড্রোজেন (D) কোনোটিই নয়

**8.** নিচের কোনটি নিষ্ক্রিয় গ্যাস?
(A) নাইট্রোজেন (B) ক্লোরিন (C) আর্গন (D) হাইড্রোজেন

**9.** বায়ুমণ্ডলে কোন গ্যাসের পরিমাণ সর্বাধিক?
(A) অক্সিজেন (B) কার্বন ডাই অক্সাইড (C) আর্গন (D) নাইট্রোজেন

**10.** নিচের কোনটি বায়ুমণ্ডলে পাওয়া যায় না?
(A) অক্সিজেন (B) হাইড্রোজেন (C) কার্বন ডাই-অক্সাইড (D) বেরিয়াম

**11.** হাড় শক্ত ও মজবুত রাখার জন্য নিচের কোনটি প্রয়োজন?
(A) আয়োডিন (B) জিঙ্ক (C) ফ্যাট (D) ক্যালশিয়াম

**12.** সবথেকে মিষ্টি শর্করা হল —
(A) সুক্রোজ (B) গ্লুকোজ (C) ফ্রুক্টোজ (D) ল্যাকটোজ

**13.** নিচের কোন রোগটি Type-1 ও Type-2 দু'ভাগে বিভক্ত?
(A) ডায়াবেটিস (B) হেপাটাইটিস (C) রাতকানা (D) সর্দিকাশি

**14.** ভিটামিন B1 এর রাসায়নিক নাম কী?
(A) রাইবোফ্ল্যাভিন (B) কোবালামিন
(C) অ্যাসকরবিক অ্যাসিড (D) থিয়ামিন

**15.** নিচের কোন অঙ্গের সঙ্গে ডায়াবেটিস রোগটি জড়িত?
(A) থাইরয়েড (B) যকৃৎ (C) অগ্ন্যাশয় (D) বৃক্ক

**16.** অতিমাত্রায় অতিবেগুনি রশ্মির ফলে _____ হয়।
(A) ত্বক ক্যান্সার (B) ফুসফুসের ক্যান্সার
(C) ব্লাড ক্যান্সার (D) যকৃৎ ক্যান্সার

**17.** স্থলজ বাস্তুতন্ত্রের সবুজ উদ্ভিদের মাধ্যমে সৌরশক্তির কত শতাংশ আবদ্ধ হয়?
(A) 10 শতাংশ (B) 5 শতাংশ (C) 100 শতাংশ (D) 1 শতাংশ

**18.** বাস্তুতন্ত্রের কোন উপাদানটির সংখ্যা সর্বাধিক?
(A) প্রাথমিক খাদক (B) উৎপাদক (C) গৌণ খাদক (D) প্রগৌণ খাদক

**19.** 'চিপকো আন্দোলন' নিচের কোনটির সঙ্গে জড়িত?
(A) বাঘ (B) গাছ (C) কেমিক্যাল (D) গঙ্গা দূষণ রোধ

**20.** 'ডিব্রু-সাইখোয়া জাতীয় উদ্যা' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) নাগাল্যান্ড (B) মিজোরাম (C) মেঘালয় (D) অসম

**21.** ভাইরাস এক ধরনের সফটওয়্যার, যা মূলত নষ্ট করে —
(A) তথ্য (B) যন্ত্রপাতি (C) প্রোগ্রাম (D) হার্ডওয়্যার

**22.** 'কম্পিউটার'এর জনক কে?
(A) চার্লস ব্যাবেজ (B) পাস্কাল (C) বিল গেটস (D) কোনোটিই নয়

**23.** নিচের কোনটি পার্সোনাল কম্পিউটারের অংশ নয়?
(A) USB (B) CPU (C) ROM (D) RAM

**24.** Excel 2010 এর একটি শীটে কতগুলি কলাম থাকে?
(A) 16024 (B) 1024 (C) 16384 (D) 1600

**25.** নিচের কোনটি ইনপুট ডিভাইস নয়?
(A) টাচ স্ক্রিন (B) প্লটার (C) লাইট পেন (D) ট্র্যাকবল

**26.** একটি জোড় সংখ্যাকে 11 দিয়ে ভাগ করলে ভাগশেষ হয় 2. সংখ্যাটি হল—
(A) 2345 (B) 3433 (C) 3465 (D) কোনোটিই নয়

**27.** $\frac{\sqrt{4375}}{\sqrt{7}} = ?$
(A) 24.75 (B) 27.25 (C) 25 (D) 35

**28.** $\frac{7}{11}$-কে দশমিকে প্রকাশ করুন।
(A) $0.\overline{623}$ (B) $0.\overline{63}$ (C) $0.\overline{633}$ (D) $0.\overline{62}$

**29.** $\frac{2}{11}$ কে $-\frac{5}{14}$ এর অনোন্যক দিয়ে গুণ করলে কত হবে?
(A) $\frac{2}{3}$ (B) $\frac{28}{55}$ (C) $-\frac{28}{55}$ (D) $-\frac{10}{153}$

**30.** 3, 7, 15 এর গ.সা.গু হল—
(A) 7 (B) 15 (C) 3 (D) 1

**31.** $2^3 \times 3^{-3} \times 27 \times \frac{1}{8} = ?$
(A) 1 (B) 2 (C) 9 (D) 27

**32.** যদি $\frac{155}{0.155} = \frac{15.5}{K}$ হয়, K এর মান—
(A) 1.55 (B) 15.51 (C) 0.0155 (D) 155

**33.** প্রথম 9টি মৌলিক সংখ্যার গড় কত?
(A) 9 (B) 11 (C) $11\frac{1}{9}$ (D) $11\frac{2}{9}$

**34.** যদি a : b = b : c হয়, তবে $a^4 : b^4$ এর মান হবে—
(A) $ac : b^2$ (B) $a^2 : c^2$ (C) $c^2 : a^2$ (D) $b^2 : ac$

**35.** 7, 16, 43 ও 88 এর সঙ্গে কত যোগ করলে সংখ্যাগুলি পরস্পরের সমানুপাতী হবে?
(A) 2 (B) 3
(C) 5 (D) 1

**36.** যদি 8 : 4 :: 3.2 : x হয়, তাহলে x এর মান কত?
(A) 2.4 (B) 1.6 (C) 3.2 (D) 1.2

**37.** যদি a : b = 2 : 3 ও b : c = 5 : 7 হয়, তবে a : c =
(A) 10 : 21 (B) 15 : 21
(C) 12 : 15 (D) 10 : 27

**38.** 3 লিটার চিনির দ্রবণে চিনির হার 40%. দ্রবণে 1 লিটার জল মেশালে চিনির হার কত হবে?
(A) $13\frac{1}{2}\%$ (B) 15% (C) 30% (D) 33%

**39.** 7.2 কেজির কত শতাংশ হল 18 গ্রাম?
(A) 0.0025 (B) 0.25 (C) 2.5 (D) 25

**40.** 4 ঘণ্টা 30 মিনিটের সময়সীমা একটি দিনের কত শতাংশ?
(A) $18\frac{3}{4}$ (B) 20 (C) $16\frac{2}{3}$ (D) 19

**41.** আনন্দ ও দীপক যথাক্রমে 22500 টাকা ও 35000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করে। 13800 টাকা লাভ হলে দীপক তার অংশে কত পাবে?
(A) 5400 টাকা (B) 7200 টাকা
(C) 8400 টাকা (D) 9600 টাকা

**42.** কত বছরে 8750 টাকার বার্ষিক 8% হারে সরল সুদের পরিমাণ, আসলের $\frac{6}{25}$ অংশ হবে?
(A) 3 বছরে (B) 4 বছরে (C) 2 বছরে (D) 5 বছরে

**43.** 31600 টাকায় $1\frac{1}{3}$ বছরে বার্ষিক 9% চক্রবৃদ্ধি সুদের পরিমাণ কত হবে, যদি সুদ গণনা করা হয় প্রতি 8 মাসের ব্যবধানে?
(A) 3906 (B) 3896 (C) 1928 (D) 1916

**44.** একজন বিক্রেতা 100টি পেনসিল বিক্রি করে 20টি পেনসিলের বিক্রয়মূল্যের পরিমাণ অর্থ লাভ করে। তবে লাভের হার কত?
(A) 25% (B) 20% (C) 15% (D) 12%

**45.** একটি ট্রেন 180 কিমি/ঘণ্টা বেগে ধাবমান। ট্রেনটির গতিবেগ (মিটার/সেকেন্ড এককে) হবে—
(A) 5 (B) 30 (C) 40 (D) 50

**46.** A একটি কাজ 18 দিনে করে ও B ওই কাজ অর্ধেক সময়ে শেষ করে। তাহলে A ও B একদিনে কাজটির কত অংশ শেষ করবে?
(A) $\frac{1}{6}$ (B) $\frac{1}{5}$ (C) $\frac{1}{7}$ (D) কোনোটিই নয়

**47.** একটি বালতির $\frac{3}{7}$ অংশ 1 মিনিটে পূর্ণ হয়। বালতিটির বাকি অংশ পূর্ণ হবে—
(A) 2 মিনিটে (B) $\frac{4}{3}$ মিনিটে
(C) $\frac{7}{3}$ মিনিটে (D) কোনোটিই নয়

**48.** ত্রিভুজের তিনটি বাহুর অনুপাত $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$. ত্রিভুজটির পরিসীমা 52 সেমি হলে, ক্ষুদ্রতম বাহুটির দৈর্ঘ্য কত?
(A) 9 সেমি (B) 10 সেমি
(C) 11 সেমি (D) 12 সেমি

**49.** প্রদত্ত রাশিমালাটির সঙ্গে কত যোগ করলে সেটি পূর্ণবর্গ হবে?
$9x^2 - 6x$
(A) 1 (B) 2x (C) 3y (D) 3

**50.** মান নির্ণয় করুন
$$\cot 19^\circ \left( \cot 71^\circ \cos^2 21^\circ + \frac{1}{\tan 71^\circ + \sec^2 69^\circ} \right)$$
(A) $\frac{1}{2}$ (B) 1 (C) 0 (D) − 1

**51.** প্রদত্ত সারিগুলিতে লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন।
1, 9, 25, 49, ?, 121
(A) 64 (B) 81 (C) 91 (D) 100

**52.** প্রদত্ত সংখ্যাসারিতে ভুল পদটি নির্বাচন করুন।
8, 14, 26, 48, 98, 194, 386
(A) 14 (B) 48 (C) 98 (D) 194

**53.** প্রদত্ত অক্ষরসারিটি পূরণ করুন।
AZ, GT, MN, ?, YB
(A) SK (B) JH (C) SH (D) TS

**54.** বেমানানটি নির্বাচন করুন।
(A) বুধ (B) চাঁদ (C) বৃহস্পতি (D) শনি

**55.** ব্যতিক্রমটিকে চিহ্নিত করুন।
(A) 256 (B) 519 (C) 729 (D) 343

**56.** নিচে কয়েকটি ক্রম দেওয়া হয়েছে। উপযুক্ত বিকল্পটি নির্বাচন করুন, সেটির মধ্যেও সমজাতীয় সম্পর্ক রয়েছে।
312 : 936; 302 : 906; 1123 : ?
(A) 3669 (B) 3699 (C) 3369 (D) 3639

**57.** 712T : 812U; 613J : 713K; 224L : ?
(A) 324N (B) 324M (C) 124M (D) 422M

**58.** শ্যাম ও রিতা একদিন বিকেলবেলা দিগন্তে সূর্যের দিকে মুখ করে পার্কে বসেছিল। তাদের ডানদিক কোনদিকে ছিল?
(A) পূর্ব (B) পশ্চিম (C) উত্তর (D) দক্ষিণ

**59.** যদি কোনো সাংকেতিক ভাষায় ACNE এর কোড লেখা হয়, 3, 7, 29, 11 তবে BOIL এর কোড কী হবে?
(A) 5, 31, 21, 25 (B) 5, 31, 19, 25
(C) 5, 29, 19, 25 (D) 5, 29, 19, 27

**60.** যদি কোনো সাংকেতিক ভাষায় RATLAM-কে লেখা হয় 2, তবে PADMINI এর কী কোড হবে?
(A) 4 (B) 3 (C) 5 (D) 6

**61.** বিকল্পগুলির মধ্যে থেকে কোন শব্দটি 'CARPENTER' শব্দের অক্ষরগুলি দিয়ে তৈরি করা যাবে না?
(A) CAR (B) PAINTER (C) CARPET (D) REPENT

**62.** ইংরিজি বর্ণমালায় 'T' এর বামদিকের চতুর্থ বর্ণের ডানদিকের 16তম বর্ণ কোনটি?
(A) S (B) T (C) U (D) V

**63.** B হল D এর বোন, M হল D এর বাবা, N হল M এর বোন। তবে, B, N এর সঙ্গে কীরূপ সম্পর্কযুক্ত?
(A) বোন (B) কাকিমা (C) ভাইঝি (D) মা

**64.** একজন ভদ্রমহিলাকে দেখিয়ে অমল বললেন, 'সে আমার দাদুর একমাত্র সন্তানের মেয়ে।' তবে অমল, ভদ্রমহিলার কে হন?
(A) ভাই (B) বাবা (C) খুড়তুতো ভাই (D) কাকা


**65.** 57683421 — এই সংখ্যায় কতগুলি অঙ্ক আছে, যেগুলির স্থান অধক্রমে সাজালে শুরুর দিক থেকে অপরিবর্তিত থাকবে?
(A) একটি (B) দু'টি (C) তিনটি (D) তিনটির বেশি

**66.** দীনেশ, রমেশের থেকে বড়। বোমন, দীনেশের থেকে ছোট। কে সবথেকে ছোট?
(A) রমেশ (B) দীনেশ (C) বোমন (D) তথ্য অসম্পূর্ণ


**67.**

| | | |
|---|---|---|
| 1 | 7 | 9 |
| 12 | 14 | ? |
| 3 | 105 | 117 |


(A) 26 (B) 20 (C) 16 (D) 12

**68.**


(A) 1 (B) 2 (C) 3 (D) 4

**69.** লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন।


(A) 4 (B) 305 (C) 343 (D) 729

**70.** নিচে দেওয়া শব্দগুচ্ছের সঙ্গে কতগুলি ভেন চিত্র দেওয়া হয়েছে। শব্দগুচ্ছটির প্রতীকস্বরূপ সঠিক চিত্রটি চিহ্নিত করুন।
গাড়ি, স্কুটার, লাল



**71.** যদি 16 = 11, 25 = 12, 36 = 15, তবে 49 = ?
(A) 14 (B) 20 (C) 19 (D) 17


**72.** যদি 72 × 96 = 6927 ও 58 × 87 = 7885 হয়, তবে 79 × 86 = ?
(A) 7689 (B) 8976 (C) 6897 (D) 6978

**73.** একটি ঘড়িতে সঠিক আয়নার মধ্য দিয়ে 3 : 15 বাজতে দেখা গেল, তার সঠিক সময় কত ছিল?
(A) 3:15 (B) 8:45 (C) 9:15 (D) 9:45

**74.** যদি একটি ঘড়ি প্রতি ঘণ্টায় 5 মিনিট লাস্ট হয়ে যায়, তবে প্রতি মিনিটে সেকেন্ডের কাঁটা কত ডিগ্রি কোণ করে ঘোরে?
(A) 360° (B) 360.5° (C) 390° (D) 380°

**75.** একই ছক্কার তিনটি অবস্থানে নিম্নতলে কী কী সংখ্যা হবে?

# রেলের গ্রুপ 'ডি'




(A) 6, 6, 2 (B) 5, 5, 5 (C) 5, 6, 1 (D) 6, 5, 2

76. যদি কোনো বছর 13 জুলাই বুধবার হয়, তবে সেই একই বছর 16 জুন কী বার ছিল?
(A) রবিবার (B) মঙ্গলবার (C) বৃহস্পতিবার (D) শনিবার

77. যদি 4 জানুয়ারি 2008 শুক্রবার হয়, তবে 4 জানুয়ারি 2009 কোন বার হবে?
(A) শনিবার (B) সোমবার (C) রবিবার (D) শুক্রবার

78. যদি '×' এর অর্থ '÷', '÷' এর অর্থ '–', '+' এর অর্থ '×' ও '–' এর অর্থ '+' হয়, তবে $6 \times 2 \div 2 - 4 + 2 = ?$
(A) 0 (B) 4 (C) 10 (D) 9

79. যদি '+' বোঝায় '×', '–' বোঝায় '+', '×' বোঝায় '÷' আর '÷' বোঝায় '–' তবে $21 \div 8 + 2 - 12 \times 3 = ?$
(A) 14 (B) 9 (C) 13.5 (D) 11

80. যদি '–' বোঝায় যোগ, '+' বোঝায় বিয়োগ, '×' বোঝায় ভাগ ও '÷' বোঝায় গুণ, তবে $7 - 10 \times 5 \div 6 + 4 = ?$
(A) 3 (B) 12 (C) 15 (D) 9

81. দক্ষিণ আফ্রিকার প্রচলিত মুদ্রার নাম কী?
(A) ওন (B) কিয়াত (C) র‍্যান্ড (D) লিবা

82. 'বিজয় স্তম্ভ' কোথায় রয়েছে?
(A) জয়পুরে (B) আগ্রাতে (C) মুম্বইতে (D) চিতোরগড়ে

83. 'Indian School of Mines' কোথায় অবস্থিত?
(A) ধানবাদ (B) আসানসোল (C) টাটানগর (D) রৌরকেল্লা

84. রাষ্ট্রবিজ্ঞানের জনক কে?
(A) প্লেটো (B) অ্যারিস্টটল (C) মার্কস (D) গ্রিন

85. ভারত ও শ্রীলঙ্কার মধ্যে কোন প্রণালী অবস্থিত?
(A) পক প্রণালী (B) বারবোদাস (C) জিব্রালটার (D) সুমেরু

86. 'সোনালি পশমের দেশ' কোনটি?
(A) অস্ট্রেলিয়া (B) নিউজিল্যান্ড (C) জাপান (D) চিন

87. ভারতের প্রথম উপগ্রহ কোনটি?
(A) আর্যভট্ট (B) ভাস্কর (C) রোহিনি-1 (D) অ্যাপোলো

88. 'অস্কার' পুরস্কারের সঙ্গে জড়িত—
(A) সাহিত্য (B) চলচ্চিত্র (C) বিজ্ঞান (D) সংগীত

89. বিসমিল্লা খানের সঙ্গে জড়িত—
(A) তবলা (B) সরোদ (C) বাঁশি (D) সানাই

90. বৈশাখী মজুমদার কোন নাচের সঙ্গে যুক্ত?
(A) কুচিপুড়ি (B) ওড়িশি (C) মণিপুরি (D) কথাকলি

91. 1857 সালে ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন?
(A) কার্জন (B) লরেন্স (C) ডালহৌসি (D) ক্যানিং

92. কত সালে মুসলিম সম্প্রদায় পাক-ই-স্তান রাষ্ট্রের দাবি জানায়?
(A) 1940 (B) 1942 (C) 1939 (D) 1947

93. দ্বৈত শাসনের প্রবর্তক কে?
(A) ডুপ্লে (B) হেস্টিংস (C) রবার্ট ক্লাইভ (D) কর্নওয়ালিস

94. 'বিন্ধ্য' কোন শ্রেণির পর্বত?
(A) স্তূপ (B) ক্ষয়জাত (C) ভঙ্গিল (D) সঞ্চয়জাত

95. 'সিমলিপাল অভয়ারণ্য' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) বিহার (B) ঝাড়খণ্ড (C) ওড়িশা (D) ছত্তিশগড়

96. রাজ্যসভার যেকোনো সদস্যের কার্যকাল কত বছর?
(A) 3 বছর (B) 4 বছর (C) 5 বছর (D) 6 বছর

97. গ্রাম পঞ্চায়েতের সদস্য হওয়ার জন্য পদপ্রার্থীর ন্যূনতম বয়স কত হবে?
(A) 18 বছর (B) 16 বছর (C) 21 বছর (D) 25 বছর

98. Credit Rating Agency হিসাবে কাজ করে নিম্নোক্ত যে সংস্থাটি—
(A) CRISIL (B) ICRA (C) CARE (D) সবগুলি

99. কোন খেলায় বিপক্ষকে ছুঁয়ে ফেলার মাধ্যমে বিপক্ষ হেরে যায়?
(A) খো-খো (B) কাবাডি (C) কুস্তি (D) রাগবি

100. নিচের কোনটি 'Indoor Game'?
(A) ব্যাডমিন্টন (B) লন টেনিস (C) স্কোয়াশ (D) হ্যান্ডবল

### উত্তর

1(D). 2(B). 3(B). 4(D). 5(A). 6(C). 7(C). 8(C). 9(D). 10(D). 11(D). 12(D). 13(A). 14(D). 15(C). 16(A). 17(D). 18(B). 19(B). 20(D). 21(A). 22(A). 23(A). 24(C). 25(B). 26(D). 27(C). 28(B). 29(C). 30(D). 31(A). 32(C). 33(C). 34(B). 35(A). 36(B). 37(A). 38(C). 39(B). 40(A). 41(C). 42(A). 43(A). 44(A). 45(D). 46(A). 47(B). 48(D). 49(A). 50(B). 51(B). 52(B). 53(C). 54(B). 55(A). 56(C). 57(B). 58(B). 59(B). 60(B). 61(B). 62(C). 63(C). 64(A). 65(D). 66(D). 67(D). 68(A). 69(C). 70(D). 71(B). 72(C). 73(B). 74(C). 75(B). 76(C). 77(C). 78(D). 79(B). 80(C). 81(C). 82(D). 83(A). 84(B). 85(A). 86(A). 87(A). 88(B). 89(D). 90(B). 91(D). 92(A). 93(C). 94(A). 95(C). 96(D). 97(A). 98(D). 99(B). 100(C).

# WBCS ও অন্যান্য সরকারি চাকরি পরীক্ষায় সাফল্যের গোপন রহস্য



*পম্পা শূর*
*পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত বিশেষ আধিকারিক (WBCS)*

WBCS-২৩ এর চূড়ান্ত নির্বাচন প্রক্রিয়া সেরে ফেলা হল। ২০২৩ সালের WBCS পরীক্ষার সঠিক পরিসংখ্যানটি বেশ কৌতূহলজনক, কারণ ওই বছর প্রিলিমিনারি পরীক্ষার কাট-অফ ও পরীক্ষার্থীর সংখ্যা নিয়ে বেশ চর্চা হয়েছিল। পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন (WBPSC) সাধারণত নির্দিষ্টভাবে মোট পরীক্ষার্থীর সংখ্যা সরাসরি প্রকাশ না করলেও, বিভিন্ন নির্ভরযোগ্য সূত্র ও পরীক্ষার ট্রেন্ড থেকে প্রাপ্ত ২০২৩ সালের বিশ্লেষণী পরিসংখ্যান নিম্নলিখিত, যা আসন্ন WBCS-২০২৪ প্রিলিমিনিারি ব্যাচের পরীক্ষার্থীদের একটা ধারণা বা মানসিক প্রস্তুতির সুবিধা করে দিতে পারে—মোট আবেদনকারীর সংখ্যা ছিল প্রায় পৌনে তিন লাখ।

মোট শূন্যপদ (৪টি গ্রুপ মিলিয়ে) - ২৮০ - ৩২০টি (প্রায়)। প্রিলিমিনারি থেকে মেইনসে ডাক পাওয়ার হার ছিল - ৩%-৩.৫%। বিগত পাঁচ বছরের প্রিলিমিনিারি পরীক্ষার সাফল্যের হার মূলত ২.৫%-৩% এর মধ্যেই ঘোরাফেরা করে। তবে ২০২৩ সালের প্রশ্নপত্রের মান মাঝারি থেকে কঠিন হওয়ার জন্যই ও তীব্র প্রতিযোগিতার কারণে কাট-অফ মার্কস জেনারেল ক্যাটাগরিতে ১০১.২৫ ও তফসিলি উপজাতির ক্ষেত্রে ৭৬.২৫ শতাংশ। বোঝাই যাচ্ছে বাকি শ্রেণির পরীক্ষার্থীরা সবাই এই মার্কসের ভিতরেই ঘোরাফেরা করেছে। অন্যান্য বছরগুলোতে এই কাট-অফ ১২৫-১৩০ এর মধ্যে ঘোরাফেরা করে। ফলে ২০২৪ সালের পরীক্ষার্থীদের একটা আত্মতুষ্টি গ্রাস করার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। অতএব, ১৩৫ কাট-অফ অঞ্চলটিই মোটামুটি সুরক্ষিত। আর সব গ্রুপের WBCS পরীক্ষার একমাত্র প্রশিক্ষণ কেন্দ্র চাকরিGB - গ্রেট বাস্কেট ক্যারিয়রই ছাত্রছাত্রীদের ওই ১৩০-১৩৫ কাট-অফ মার্কসের ভিতর রাখতে পেরেছিল। তাই WBCS-২৩ ব্যাচের চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে গ্রেট বাস্কেট ক্যারিয়ারের সাফল্যের হার ৯১%। এই অভাবনীয় সাফল্যের রহস্য কী, সেটা তাহলে একবার শ'খানেক শব্দগুচ্ছে বুঝে নেওয়া যাক।

সরকারি পরীক্ষায় সফলতার প্রধান তিনটি পিলারের উপরেই জোর দেওয়া হয়েছিল:

১। ফ্যাকাল্টি মেম্বাররা সকলেই সাম্মানিক সিনিয়র WBCS অফিসার, যারা একবার তো বটেই কেউ কেউ দুই বা তিনবারও বিভিন্ন গ্রুপের WBCS পরীক্ষায় সসম্মানে নির্বাচিত হয়ে এসেছেন। এই নির্দিষ্ট গুণমানের ফ্যাকাল্টি নির্বাচনেই গ্রেট বাস্কেট ক্যারিয়র ভিন্নতার মাঝে সেরা হয়ে দাঁড়িয়ে পড়েছে।

২। ওই কারণেই প্যাটার্ন বুঝে সিলেবাস তৈরি করা ও তার লক্ষ্য স্থির করার পুরো প্রক্রিয়াটাই বিজ্ঞান সম্মত ও বাস্তবসম্মত তো বটেই।

২। নিয়মিত টেস্ট সিরিজ ও বিগত বছরগুলোর প্রশ্নোত্তরপর্বের ক্রমাগত অনুশীলন।

৩। বিষয় সমূহের সামঞ্জস্যপূর্ণ দৈনিক রুটিন ও বিজ্ঞানভিত্তিক রিভিশন প্রক্রিয়া।

৪। প্রত্যেক বিষয়ের জন্য যথাযথ এক থেকে দুটি বই নির্বাচন করিয়ে দেওয়া।

৫। বিশিষ্ট মনোবিদের সাহায্যে ছাত্রছাত্রীদের মানসিক স্বাস্থ্যের ওপর বিশেষ ক্লাস ও নজর নেওয়া, যাতে ব্রেন ফাংশন ও টাইমিং ম্যানেজমেন্টের একটা সুনির্দিষ্ট ভারসাম্য থাকে।

৬। দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন ফ্যাকাল্টিদের তীব্র দূরদর্শিতা ও তীব্র অনুমান ক্ষমতার মিশ্রণে তৈরি সম্ভাব্য প্রশ্নপত্রের সাহায্যে মাসে তিনটি মক্-টেস্ট।

এছাড়াও আরও কিছু সূক্ষ্ম পরিকল্পনা সাফল্যের রহস্যকে অনুঘটক হিসেবে কাজ করেছে, যেমন:

• **কৌশলগত সিলেবাস বিভাজন** - যেহেতু WBCS-এর সিলেবাস বিশাল। পুরো সিলেবাসকে ছোট ছোট মডিউলে ভাগ করে দেয়।

• **গুরুত্ব অনুযায়ী অগ্রাধিকার:** কোন বিষয় থেকে বেশি প্রশ্ন আসে, ইন্টারডিসিপ্লিনারি অ্যাপ্রোচ: ইতিহাসের সঙ্গে ভূগোল বা অর্থনীতির সঙ্গে কারেন্ট অ্যাফেয়ার্স মিলিয়ে পড়ানো, যাতে শিক্ষার্থীর একটা সামগ্রিক ধারণা তৈরি হয়।

• তথ্যভিত্তিক নোটস ও রিসোর্স তো প্রতি সপ্তাহেই অ্যাসপিরেন্টদের দেওয়াটা বাধ্যতামূলক। যেখানে আপ-টু-ডেট থাকে পশ্চিমবঙ্গ সরকারের নতুন প্রকল্প, অর্থনৈতিক সমীক্ষা ও সাম্প্রতিক ডেটা।

• **টু-দ্য-পয়েন্ট:** অপ্রয়োজনীয় তথ্য বাদ দিয়ে কেবল পরীক্ষার জন্য জরুরি অংশটুকু হাইলাইট করা থাকে।

• মকটেস্টের ক্ষেত্রে কোনো ফাঁকি, আলস্য বা আরামের ব্যবস্থা নেই।

• **সেকশনাল টেস্ট:** প্রতি সপ্তাহে যা পড়ানো হলো তার ওপর পরীক্ষা।

• **সিমুলেটেড মক:** পরীক্ষার ৩-৪ মাস আগে থেকে আসল পরীক্ষার পরিবেশ তৈরি করে (ওএমআর শিটে) পূর্ণাঙ্গ মক টেস্ট নেওয়া।

• ভুল বিশ্লেষণ করে শুধু নম্বর দিয়ে দেওয়া নয়, শিক্ষার্থী কেন ভুল করছে বা কোন জায়গায় দুর্বল (যেমন: নেগেটিভ মার্কিং নিয়ন্ত্রণ), অভিভাবকদের তার গ্রাফিক্যাল রিপোর্ট দেওয়া।

• **ডেসক্রিপটিভ রাইটিং:** বাংলা ও ইংরেজি ড্রাফটিং-এর জন্য নিয়মিত প্র্যাকটিস ও ব্যক্তিগত ফিডব্যাক দেওয়া নেওয়া।

• **অপশনাল পেপার:** গ্রুপ A ও B-এর জন্য বিশেষজ্ঞ শিক্ষক দিয়ে অপশনাল পেপারের গভীর বিশ্লেষণ নিশ্চিত করে।

• **ইন্টারভিউ গাইডেন্স:** সফল আধিকারিকদের দিয়ে মক ইন্টারভিউ বা পার্সোনালিটি টেস্টের আয়োজন করা।

• **টেকনোলজির ব্যবহার:** অ্যাপের মাধ্যমে ২৪ ঘণ্টা ডাউট ক্লিয়ারিং ও রেকর্ড করা ক্লাসের সুবিধা।

• **কারেন্ট অ্যাফেয়ার্স ম্যাগাজিন:** প্রতিদিনের খবরের কাগজ থেকে WBCS-এর জন্য উপযোগী অংশগুলো আলাদা করে দেওয়া।

• **নিউজপেপার রিডিং সেশন:** প্রতিদিন ক্লাসের প্রথম ১৫ মিনিট খবরের কাগজের গুরুত্বপূর্ণ অংশ নিয়ে আলোচনা করা।

• **অফিসারস টক:** প্রতি মাসে অন্তত একজন বর্তমান WBCS অফিসারের সাথে অনলাইন বা অফলাইন ইন্টারাক্টিভ সেশন।

• **স্টাডি কিট:** একটি প্রিমিয়াম স্টাডি মেটেরিয়াল কিট (ব্যাগ, ডায়েরি, ওএমআর বান্ডিল ও এক্সক্লুসিভ নোটস) প্রদান করা।

চাকরিGB - গ্রেট বাস্কেট ক্যারিয়র কেবলমাত্র WBCS অফিসার তৈরি করে না, বরং SSC-CGL, SSC -CHSL, PSC, Misc. Combo সব চাকরি পরীক্ষার জন্যও প্রশিক্ষণ দিচ্ছে। এইসব অ্যাসপিরেন্টদের মেধা অনুযায়ী তাকে 'জেনারেলিস্ট' থেকে 'স্পেশালিস্ট' হিসাবে গড়ে তোলাই চাকরিGBর কাজ। পরিশেষে, WBCS চায় গভীরতা ও বিশ্লেষণ ক্ষমতা; SSC CGL চায় গতি ও পুনরাবৃত্ত অনুশীলন। দুই পরীক্ষার প্রস্তুতি একসঙ্গে নেওয়া সম্ভব, যদি ভিত্তি একই রেখে আলাদা দক্ষতার দিকে আলাদা সময় দেওয়া যায়। সেক্ষেত্রে ইতিহাস, পলিটি, ইকোনোমি, কারেন্ট অ্যাফেয়ার্স, বেসিক ম্যাথমেটিক্স ও রিজনিং'য়ে আলাদা করে সময় দিতে হবে।

স্মার্ট স্ট্র্যাটেজি হ'ল - প্রথম ৬ মাস SSC CGL লক্ষ্য করে স্পিড বাড়াও, তারপর একই বেস ব্যবহার করে WBCS বর্ণনাধর্মী অংশে স্থানান্তরিত হও। তবে অতি স্বল্প ব্যয়ে এক ছাদের তলায় প্রশিক্ষণ নিতে পারো সব ধরনের সরকারি চাকরির। চাকরিGB - গ্রেট বাস্কেট ক্যারিয়রের অভাবনীয় ও অলৌকিক সুবিধাটা হ'ল - একে তো সর্বনিম্ন ফিজ্, তার ওপর ইনস্টলমেন্টের সুবিধা। কিন্তু তথাকথিত সেশন বলে কিছু নেই। ভর্তি হওয়া থেকে শুরু করে ছাত্রছাত্রীদের সরকারি চাকরির নিয়োগপত্র হাতে পাওয়া অবধি সময়কালকে গ্রেট বাস্কেট ক্যারিয়র সেশন বলে থাকে ও এমন অলৌকিক ঘটনাটা তারা ঘটাচ্ছে ওই সর্বনিম্ন 'টিউশন-ফিজ্'য়েই। এর থেকে যে নির্যাসটি উঠে আসে; তা হ'ল: প্রশিক্ষণকেন্দ্রটির একশো শতাংশ কনফিডেন্স। আর এই কনফিডেন্সের মেরুদণ্ড হলেন, একগুচ্ছ সাম্মানিক সরকারি আধিকারিকগণ, যাঁদের নিরলস পরিশ্রমে, অভিভাবকসুলভ পর্যবেক্ষণে, পরামর্শে, পরিচালনায় ও পরিচর্যায় এই প্রশিক্ষণ কেন্দ্র ধরে রাখতে পারছে নব্বই শতাংশেরও বেশী সাফল্যের হার। চাকরিGB - গ্রেট বাস্কেট ক্যারিয়রে যোগাযোগ করতে হলে ফোন করতে হবে - ৮৯০২৩ ৫৬৯৬৭ বা ৯৮৩০২ ০০২১০ তে। অফলাইন ক্লাসরুম; শিয়ালদহ স্টেশনের কাছে জগৎ সিনেমা হলের পাশের রাস্তাতেই।

# বি.এস.এন.এল.-এ ১২০ এক্সিকিউটিভ ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারত সঞ্চার নিগম লিমিটেড 'সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (টেলিকম অ্যান্ড ফিনান্স)' পদে ১২০ জন ছেলেমেয়ে নেওয়ার যে খবর বেরিয়েছিল, তার দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৩১ মার্চ করা হয়েছে। কারা কোন পদের জন্য যোগ্য তা আবার দেওয়া হল :

**সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (টেলিকম স্ট্রিম):** ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৯৫টি (ও.বি.সি. ৬৫, ই.ডব্লু.এস. ৯, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭)।

**সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স স্ট্রিম) :** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৫টি (ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

দুই পদের বেলায় বয়স হতে হবে ৭-৩-২০২৬'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ২৯ মার্চ, বেলা ১০টা থেকে। টেলিকম পদের বেলায় ১৮০ মিনিটের ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অ্যাপ্টিটিউড টেস্ট -৪০ নম্বর, টেকনিক্যাল (টেলিকম) টেস্ট ১৬০ নম্বর। ফিনান্স পদের বেলায় ১৮০ মিনিটের ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অ্যাপ্টিটিউড টেস্ট -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, টেকনিক্যাল (ফিনান্স) টেস্ট ১৬০ নম্বরের ১৬০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। এই পদের বিজ্ঞপ্তি নং : BSNLCO-11/12(11) / 1/ 2025 - RECTT-CO-Part (1), Dated: 29.1.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.bsnl.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ২,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী ১,২৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্ত এডিট করতে পারবেন ১ এপ্রিল থেকে ৮ এপ্রিল।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৪ ডিসেম্বর :** আনুষ্ঠানিকভাবে নিজেদের প্রথম দেশীয়ভাবে তৈরি দূষণ নিয়ন্ত্রণ জাহাজ 'সমুদ্র প্রতাপ'কে অন্তর্ভুক্ত করল ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। 'গোয়া শিপইয়ার্ড লিমিটেড'এ তৈরি হয়েছে এই জাহাজটি। এই জাহাজটি সমুদ্রে তেল ছড়িয়ে পড়া ও রাসায়নিক দূষণ মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। 'সমুদ্র প্রতাপ' হল প্রথম দূষণ নিয়ন্ত্রণ জাহাজ, যা পুরোপুরিভাবে দেশীয় নকশা ও প্রযুক্তি ব্যবহার করে তৈরি হয়েছে। জাহাজটি ৬০ শতাংশেরও বেশি দেশীয় সরঞ্জাম দিয়ে সজ্জিত। জাহাজটি আধুনিক অস্ত্র ও উচ্চ প্রযুক্তির ব্যবস্থায় সজ্জিত, যার মধ্যে রয়েছে একটি ৩০ মিলিমিটার কামান, দু'টি রিমোট-নিয়ন্ত্রিত বন্দুক, উন্নত সেতু ব্যবস্থা ও অগ্নিনির্বাপণ ব্যবস্থা। এটি শত্রুর লক্ষ্যবস্তু শনাক্ত ও আক্রমণ করতেও সক্ষম।

❑ দ্বিতীয় ভারতীয় ব্যাটার হিসাবে লিস্ট এ ক্রিকেটে ১৬,০০০ রান করার নজির গড়লেন প্রাক্তন ভারত অধিনায়ক বিরাট কোহলি। এদিন, বেঙ্গালউরুতে 'বিজয় হাজারে ট্রফি'তে আন্ধ্রা প্রদেশের বিরুদ্ধে দিল্লির হয়ে খেলতে নেমে এই মাইলফলক ছুঁলেন তিনি। এই তালিকায় তাঁর আগে রয়েছেন শচীন তেন্ডুলকর, যিনি ৫৫১ ম্যাচে ২১,৯৯৯ রান করে লিস্ট এ ক্রিকেটে সর্বোচ্চ ভারতীয় রান সংগ্রাহক।

**২৫ ডিসেম্বর :** ৩৩ বছর পর, আবার আনুষ্ঠানিকভাবে বাঘ সমৃদ্ধ রাজ্য হিসাবে স্বীকৃতি পেল গুজরাত, যা বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে একটি যুগান্তকারী ঘটনা। 'জাতীয় বাঘ সংরক্ষণ কর্তৃপক্ষ' এই সিদ্ধান্ত নিয়েছে ও 'রতনমহল অভয়ারণ্য'এ বাঘের উপস্থিতির ধারাবাহিক প্রমাণের ভিত্তিতে তারা ২০২৬ সালের 'সর্বভারতীয় বাঘ সুমারি'তে গুজরাতের অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করেছে। গুজরাত সর্বশেষ ১৯৮৯ সালে 'জাতীয় বাঘ সুমারি'তে অংশ নিয়েছিল, যখন বন কর্মকর্তারা বাঘের পায়ের ছাপ রেকর্ড করেছিলেন, কিন্তু বাঘের উপস্থিতির নিশ্চিত প্রমাণ দিতে ব্যর্থ হন তাঁরা। ফলে ১৯৯২ সালে গুজরাতকে বাঘ গণনা থেকে বাদ দেওয়া হয়। তারপর থেকে ২০১৯ সালে বাঘের উপস্থিতির মাত্র একটি নিশ্চিত ঘটনা ঘটেছিল, কিন্তু প্রাণীটি মাত্র ১৫ দিন টিকেছিল, যার ফলে বাঘের উপস্থিতি নিশ্চিত করতে ব্যর্থ হয় রাজ্যটি।

**২৬ ডিসেম্বর :** চিনের শিনজিয়াং প্রদেশে, বিশ্বের দীর্ঘতম এক্সপ্রেসওয়ে টানেল 'তিয়ানশান শেংলি' চালু হল। ২২.১৩ কিলোমিটার দৈর্ঘ্যবিশিষ্ট এই টানেলটি তিয়ানশান পর্বতমালার মধ্যে দিয়ে গেছে। এই টানেলটির মাধ্যমে কয়েক ঘন্টার ঝুঁকিপূর্ণ পাহাড়ি পথ মাত্র ২০ মিনিটে পার হওয়া যাবে। টানেলটি 'জি০৭১১ উরুমকি-ইউলি এক্সপ্রেসওয়ে'র একটি গুরুত্বপূর্ণ অংশ। রুটটির মাধ্যমে উত্তর ও দক্ষিণ শিনজিয়াংয়ের মধ্যে গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন সম্ভব হয়েছে।



'প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার' পেলেন ১৪ বছর বয়সি বিহারের তরুণ ক্রিকেটার বৈভব সূর্যবংশী। ঘরোয়া ও অনূর্ধ্ব-১৯ ক্রিকেটে দুর্দান্ত পারফরম্যান্সের স্বীকৃতি হিসাবে, তাঁর হাতে এই পুরস্কার তুলে দেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। প্রসঙ্গত উল্লেখ্য, দেশের ৫ থেকে ১৮ বছর বয়সিদের জন্য সর্বোচ্চ বেসামরিক সম্মান এটি। শিল্প-সংস্কৃতি, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, সমাজসেবা, ক্রীড়া ও সাহসিকতায় অসাধারণ অবদানের স্বীকৃতি দিতে এই পুরস্কার চালু করা হয়েছে।

❑ আগরবাতির (ধূপকাঠি) জন্য ভারতের প্রথম মানদণ্ড বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করল 'ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস', যা গ্রাহকদের নিরাপত্তা ও পণ্যের গুণমান জোরদার করার লক্ষ্যে একটি যুগান্তকারী পদক্ষেপ। ২০২৫ সালের 'জাতীয় ভোক্তা দিবস'এ (২৪ ডিসেম্বর) এই নতুন মান IS 19412:2025 ঘোষণা করা হয়েছে, যেখানে কাঁচামাল, প্রজ্জ্বলন কার্যকারিতা, সুগন্ধের গুণমান ও রাসায়নিক নিরাপত্তা সম্পর্কে নিয়মকানুন প্রবর্তন করা হয়েছে। এই নিয়মকানুন পণ্যটি সম্পর্কে গ্রাহকদের আস্থা বাড়াবে, বিশ্বের বৃহত্তম ধূপকাঠির উৎপাদক ও রফতানিকারক হিসাবে ভারতের নেতৃত্বকে আরও শক্তিশালী করবে বলে মনে করা হচ্ছে। IS 19412:2025 হল আগরবাতির জন্য বিশেষভাবে প্রণীত প্রথম ভারতীয় মান, যা নিশ্চিত করে যে বাজারে বিক্রি হওয়া ধূপকাঠিগুলি মানব স্বাস্থ্যের জন্য নিরাপদ, পরিবেশবান্ধব ও গুণমানে সামঞ্জস্যপূর্ণ।




ওড়িশার পুরীর 'নীলাদ্রি সৈকত'এ প্রায় দেড় টন আপেল ও বালি ব্যবহার করে বিশ্বের বৃহত্তম সান্তা ক্লজের ভাস্কর্য তৈরি করে বিশ্ব রেকর্ড গড়লেন 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্ত বিখ্যাত বালুশিল্পী সুদর্শন পট্টনায়েক। ৬০ ফুট লম্বা, ৪৫ ফুট চওড়া ও ২২ ফুট উঁচু এই শিল্পকর্মটি এদিন জনসাধারণের জন্য উন্মোচন করা হয়। বিশ্ব শান্তি ও 'শুভ বড়দিন' বার্তা দিতে এই শিল্পকর্মটি তৈরি করেন তিনি। 'ওয়ার্ল্ড রেকর্ডস বুক অফ ইন্ডিয়া'র মাধ্যমে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি পেয়েছে এই শিল্পকর্মটি।

**২৭ ডিসেম্বর :** ২০২৬ সালের 'প্রজাতন্ত্র দিবস' থেকে বিবাহিত মহিলাদের স্মার্টফোন ব্যবহার নিষিদ্ধ করে একটি নির্দেশ জারি করল রাজস্থানের জালোর জেলার জাট সম্প্রদায়ের 'সুন্ধামাতা পট্টি পঞ্চায়েত'। ১৫টি গ্রাম নিয়ে গঠিত 'সুন্ধামাতা পট্টি পঞ্চায়েত'এর তরফ থেকে জারি করা এই নির্দেশিকা অনুযায়ী, সেখানকার বিবাহিতা মহিলা ও পুত্রবধূদের প্রকাশ্য ও সামাজিক স্থানে ক্যামেরা যুক্ত স্মার্টফোন ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। তবে সেখানকার মহিলাদের শুধুমাত্র সাধারণ কিপ্যাড ফোন ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে।

❑ দীর্ঘ ১২ বছরের গবেষণা ও উন্নয়নের পর, ভারতে প্রথম পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি হল ১.৫ টেসলা এমআরআই মেশিন। বেঙ্গালউরুর সংস্থা 'ভক্সেলগ্রিডস' এই মেশিনটি তৈরি করেছে। এই যন্ত্রটি বাজারে আসার ফলে চিকিৎসা খরচ উল্লেখযোগ্যভাবে কমবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

❑ আইআইটি পটনায় উদ্বোধন হল বিহারের প্রথম 'পরম রুদ্র' সুপারকম্পিউটার। 'ন্যাশনাল সুপারকম্পিউটিং মিশন'এর অধীনে, কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের মাধ্যমে এই সুবিধাটি চালু করা হয়েছে। এটি বিহারের কোনো প্রতিষ্ঠান বা সরকারি দফতরে স্থাপিত প্রথম 'পরম রুদ্র' সুপারকম্পিউটার। এই সুপারকম্পিউটারটি ছাত্রছাত্রী, শিক্ষক ও গবেষকদের একাধিক বৈজ্ঞানিক ক্ষেত্রে জটিল গণনা সম্পাদন করতে সাহায্য করবে।

❑ ২০২৬-২০২৯ মেয়াদের জন্য, 'ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন'এর অ্যাথলিটস কমিশনের চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন দু'বারের অলিম্পিক পদকজয়ী তথা প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন পি.ভি.সিন্ধু।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান


এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

# কেরিয়ার ফেয়ার

স্থানঃ শ্রী শ্যাম সংঘ, মেদিনীপুর স্টেশন রোড (কেরানী পাড়া), পশ্চিম মেদিনীপুর

সময়ঃ সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

২৪ ও ২৫ মার্চ, ২০২৬ (মঙ্গলবার ও বুধবার)









ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

# ইঞ্জিনিয়ারিং ও ফার্মাসির ডিগ্রি কোর্সে

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিং', 'প্রিন্টিং টেকনোলজি'র ডিগ্রি কোর্স আর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাসি, ইঞ্জিনিয়ারিং (বি.ই.) ও টেকনোলজি (বি.টেক.)'এর ডিগ্রি কোর্সে ভরতির জন্য ২০২৬ সালের জয়েন্ট এন্ট্রান্স (WBJEE -2026) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গের যে কোনো কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচারের ডিগ্রি কোর্সে ভরতির জন্য পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় স্কোর থাকা বাধ্যতামূলক। তাই যাঁরা এই এন্ট্রান্স দেবেন না, তাঁরা কিন্তু চলতি শিক্ষাবর্ষে ভরতির জন্য যোগ্য নন।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ইনস্টিটিউট অফ টেকনোলজি ছাড়া অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্সে ১০০% সীটে ভরতি করা হবে এই এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে।

সেলফ ফিনান্সিং কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্সের ৮০-৯০% সীটে ভরতি করা হবে এই এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি.-এ ক্যাটেগরি আর ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদনের যোগ্য। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

**ফার্মাসি :** ফিজিক্স ও কেমিস্ট্রি আবশ্যিক বিষয় আর অঙ্ক / বায়োলজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর আর ইংরিজিতে ৩০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

তবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি কোর্সে ভরতির জন্য ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) আর অঙ্কে ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর ও ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

তবে নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি কোর্সে ভরতির জন্য ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি / বায়োলজি আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে আর ইংরিজিতে মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ৫০% নম্বর থাকতে হবে।

**ইঞ্জিনিয়ারিং (বি.ই.) / টেকনোলজি (বি.টেক.) :** ফিজিক্স ও অঙ্ক বিষয় আর কেমিস্ট্রি /বায়োটেকনোলজি /বায়োলজি /কম্পিউটার সায়েন্স /কম্পিউটার অ্যাপ্লিকেশন / টেকনিক্যাল ভোকেশনাল বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

তবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং কোর্সে ভরতির জন্য ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বেলায় ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫৫%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের জুট ও ফাইবার টেকনোলজি বিভাগের বেলায় ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি / বায়ো-টেকনোলজি / বায়োলজি বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫০%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সের বি.টেক. (ডেয়ারি টেকনোলজি) কোর্সের বেলায় ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি ও ইংরিজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকতে হবে। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে আলাদাভাবে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের বি.টেক. (মেরিন ইঞ্জিনিয়ারিং) কোর্সের বেলায় ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের বি.টেক. (মেরিন ইঞ্জিনিয়ারিং ছাড়া অন্যান্য শাখার বেলায়) ফিজিক্স ও অঙ্ক বিষয় আর কেমিস্ট্রি / বায়োটেকনোলজি / বায়োলজি /কম্পিউটার সায়েন্স /কম্পিউটার অ্যাপ্লিকেশন আবশ্যিক বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

আলিয়া বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা প্রতিটি বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও বিজনেস সিস্টেমের ডিগ্রি (টি.সি.এস. -ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড) কোর্সের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**আর্কিটেকচার (বি. আর্ক) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর ও প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ওপরের ওইসব বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। নয়াদিল্লির কাউন্সিল অফ আর্কিটেকচারের নেওয়া ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (NATA) পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে ও কাউন্সেলিংয়ের সময় প্রয়োজনীয় প্রমাণ পত্র দেখাতে হবে।

**মেরিন ইঞ্জিনিয়ারিং :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় মিলিয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজিতে ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, ইংরিজি ও বাংলা বিষযের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

সব কোর্সের বেলায় উচ্চমাধ্যমিকে মাতৃভাষা বা, অন্য কোনো পঞ্চম বিষয় থাকতে হবে। ওইসব বিষয় নিয়ে ২০২৪ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ৩১-১২-২০২৬'র হিসাবে অন্তত ১৭ বছর বা, তার বেশি অর্থাৎ, জন্মতারিখ হতে হবে ৩১-১২-২০০৯'এর আগে। উচ্চতর বয়সের কোনো কড়াকড়ি নেই। তবে 'মেরিন ইঞ্জিনিয়ারিং' কোর্সের বেলায় ভরতির জন্য বয়স হতে হবে ৩১-১২-২০২৬'র হিসাবে সর্বোচ্চ ২৫ বছর।

সব ক্ষেত্রে প্রার্থীকে অন্তত ১০ বছর নিরবচ্ছিন্নভাবে বা, একনাগাড়ে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে কিংবা তাঁদের পিতামাতার স্থায়ী ঠিকানা-সহ পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

কোন কলেজে কোন-কোন বিষয়ে ডিগ্রি কোর্স পড়ানো হয় ও সীট ক'টি তা বিস্তারিতভাবে ইনফর্মেশন বুকলেট থেকে জানতে পারবেন।

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের 'জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (WBJEE-2026)'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। প্রথমে হবে লিখিত পরীক্ষা ২৪ মে। অঙ্ক বিষয়ের পরীক্ষা হবে ১১টা থেকে ১টা। ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয়ের পরীক্ষা হবে ২টো থেকে ৪টা।

অঙ্ক বিষয়ে ১০০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-I'এ থাকবে ৫০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ক্যাটেগরি-II'এ থাকবে ১৫টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি -III'এ থাকবে ১০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

ফিজিক্স বিষয়ে ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-I'এ থাকবে ৩০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ক্যাটেগরি-II'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি -III'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

কেমিস্ট্রি বিষয়ে ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-I'এ থাকবে ৩০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ক্যাটেগরি-II'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি-III'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন ১৫ মে থেকে।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। লিখিত পরীক্ষায় সফল হলে র‍্যাঙ্ক সার্টিফিকেট পাবেন। তারপর ওই র‍্যাঙ্ক অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানে ভরতির জন্য কাউন্সেলিং হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস প্রস্পেক্টাস থেকে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ৩-১০০ কে.বি.'র মধ্যে আর সিগনেচার ৩-৩০ কে.বি.র মধ্যে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Online Application WBJEE-2026-এ ক্লিক করলে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। প্রথমে Personal Details ঠিকভাবে পূরণ করবেন তারপর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও ৭ সংখ্যার অ্যাপ্লিকেশন নম্বর পাবেন। এবার লগ আউট করতে পারেন কিংবা Fee Payment Details - এ গিয়ে ই-চালান প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, ও.বি.সি., মহিলা হলে ৪০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, Rupanna, DB-118, Sector-1, Salt Lake City, Kolkata-64. অনলাইন ফর্ম এডিট করতে পারবেন ৭ এপ্রিল থেকে ৯ এপ্রিল পর্যন্ত।




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com